সমাজবিজ্ঞান প্রথম পত্র

একাদশ-দ্বাদশ শ্রেণি

সমাজবিজ্ঞান প্রথম পত্রের সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়

(স্টার [*] চিহ্ন দ্বারা গুরুত্বের পরিমাণ বুঝানো হয়েছে।)

স্টার মার্ক	অধ্যায়
*****	দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, অষ্টম
***	প্রথম, ষষ্ঠ, সপ্তম
*	নবম, দশম, একাদশ

CamScanner

প্রথম অধ্যায়: সমাজবিজ্ঞানের উৎপত্তি ও বিকাশ

ফরাসি দার্শনিক অগাস্ট কোঁৎ ১৮৩৯ সালে তাঁর 'কোর্স-ডি-পজিটিভ ফিলোসফি' গ্রন্থে সর্বপ্রথম 'সমাজবিজ্ঞান' শব্দটি ব্যবহার করেন। তিনি প্রথমে এই বিজ্ঞানকে 'সোশ্যাল ফিজিক্স' বা 'সামাজিক পদার্থবিদ্যা' নামকরণ করেন। কিন্তু যখন তিনি জানতে পারলেন, একজন বেলজীয় গণিতজ্ঞ প্রায় চার বছর পূর্বে সামাজিক বিষয়বস্তুর পরিচায়ক হিসেবে এ অভিজ্ঞানটি ব্যবহার করেছেন তখন অগাস্ট কোঁৎ তাঁর মত পরিবর্তন করে নতুন বিজ্ঞানটির নামকরণ করলেন 'সোসিওলজি' (Sociology) বা 'সমাজবিজ্ঞান'।

অগাস্ট কোঁৎকে সমাজবিজ্ঞানের জনক বলা হয়।

Sociology শব্দটির ব্যুৎপত্তি

ইংরেজি 'Sociology' শব্দটি ল্যাটিন 'Socius' এবং গ্রিক 'Logos' শব্দ দুটির সমন্বয়ে গঠিত। ল্যাটিন Socius শব্দের অর্থ হচ্ছে- সাথী বা সঙ্গী। গ্রিক Logos শব্দের অর্থ হচ্ছে- আলাপ বা আলোচনা।

সমাজবিজ্ঞানের প্রকৃতি

- সমাজবিজ্ঞান ভৌতবিজ্ঞান নয়, এটি সামাজিক বিজ্ঞান।
- সমাজবিজ্ঞানের প্রধান কাজ হলো সমাজতাত্ত্বিক ব্যাখ্যা করা।
- সমাজবিজ্ঞান একটি বস্তুনিষ্ঠ বিজ্ঞান।
- সমাজবিজ্ঞান তাত্ত্বিক শাস্ত্র, এটা ব্যবহারিক শাস্ত্র নয়।
- সমাজবিজ্ঞান সাধারণ বা সর্বজনীন সমাজবিদ্যা।
- সমাজবিজ্ঞান একটি প্রায়োগিক শাস্ত্র।

সমাজবিজ্ঞানের বিকাশ ধারা

উনিশ শতকের মধ্যভাগ পর্যন্ত সমাজবিজ্ঞান একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে বিকাশ লাভ করেনি। প্রাচীন গ্রিক ও রোম পণ্ডিতদের লিখিত আলোচিত গ্রন্থগুলো হলো-

- **প্লেটোর-** দি রিপাবলিক।
- **এরিস্টটলের-** দি পলিটিক্স ও দি এথিক্স।
- **ম্যাকিয়াভেলির-** দি প্রিন্স।
- **মন্টেস্কুর-** দি স্পিরিট অব ল।
- **টমাস ম্যুরের-** ইউটোপিয়া।

নোট: *A Hand Book of Sociology গ্রন্থটির রচয়িতা অগবার্ন ও নিমকফ।*

বাংলাদেশে সমাজবিজ্ঞান

১৯৫৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞানের স্বতন্ত্র শাখা আত্মপ্রকাশ করে। এর মধ্য দিয়ে বাংলাদেশে সমাজবিজ্ঞানের গোড়াপত্তন ঘটে। এর আগে রাষ্ট্রবিজ্ঞানের সাথে সমাজবিজ্ঞান বিষয়টি পঠিত হয়। অধ্যাপক এ. কে. নাজমুল করিম হলেন বাংলাদেশে সমাজবিজ্ঞানের প্রাণপুরুষ।

সমাজবিজ্ঞানের পরিধি

সমাজবিজ্ঞানের পরিধি/শাখা-প্রশাখাগুলো হলো-

- **সমাজতাত্ত্বিক মতবাদ:** সমাজবিজ্ঞানের পদ, প্রত্যয়, নীতি এবং সাধারণীকরণ সম্পর্কে সমাজবিজ্ঞানীদের দেওয়া যেসব তত্ত্ব রয়েছে তা সমাজতাত্ত্বিক মতবাদের অন্তর্ভুক্ত।
- **ঐতিহাসিক মতবাদ:** সমাজের অতীত বিষয়াবলি, কার্যক্রম, বিবর্তন, সামাজিক আচরণ, প্রশাসন এবং প্রাচীন সমাজের উদ্ভব, বিকাশ, জীবনযাত্রা ইত্যাদি ঐতিহাসিক মতবাদের অন্তর্ভুক্ত।
- **সামাজিক জনবিজ্ঞান:** জনসংখ্যা তত্ত্ব, জনসংখ্যা কাঠামো, জন্মহার, মৃত্যুহার, জনসংখ্যার বণ্টন এবং তার প্রভাব ইত্যাদি বিষয় নিয়ে এখানে আলোচনা করা হয়।
- **সাংস্কৃতিক সমাজবিজ্ঞান:** বস্তুগত ও অবস্তুগত সংস্কৃতির উদ্ভব, ক্রমবিকাশ, সাংস্কৃতিক উপাদানসমূহ এবং সমাজ জীবনে সংস্কৃতির প্রভাব এর অন্তর্গত বিষয়।
- **সামাজিক পরিসংখ্যান:** সমাজে বিদ্যমান ঘটনাসমূহের সংখ্যাতাত্ত্বিক ব্যাখ্যা প্রদান এবং তার বিচার-বিশ্লেষণ করার পন্থা ও কৌশল সম্পর্কে এখানে আলোচনা করা হয়।

অনুশীলনী

01. সমাজবিজ্ঞানকে বলা হয়-
A. মূল্যবোধভিত্তিক বিজ্ঞান B. বস্তুনিষ্ঠ বিজ্ঞান
C. আদর্শনিষ্ঠ বিজ্ঞান D. ব্যবহারিক বিজ্ঞান

02. 'সামাজিক স্থিতিশীলতা ও সামাজিক গতিশীলতা' ধারণাটি কোন সমাজবিজ্ঞানীর?
A. এমিল ডুর্খেইম B. উইলিয়াম পি. স্কট
C. অগাস্ট কোঁৎ D. রিচার্ড টি শেফার

03. কোনটি পরিবর্তনশীল?
A. পরিবার B. সমাজ C. ইতিহাস D. দর্শন

04. সমাজবিজ্ঞানের উদ্ভবের মূলে রয়েছে-
A. রাজনৈতিক দর্শন B. সাংস্কৃতিক ইতিহাস
C. আধুনিক শিল্পায়ন D. সভ্যতার অগ্রগতি

উত্তরমালা							
01	B	02	C	03	B	04	D

05. মানুষের অনুসন্ধানের ফলশ্রুতিতে সর্বপ্রথম কোন জ্ঞানের শাখার উদ্ভব হয়?
A. ইতিহাস B. সমাজবিজ্ঞান
C. অর্থনীতি D. দর্শন শাস্ত্র

06. কাকে সমাজবিজ্ঞানের আদি জনক বলা হয়?
A. ইবনে খালদুন B. অগাস্ট কোঁৎ
C. ম্যাক্সওয়েবার D. কার্ল মার্কস

07. সমাজবিজ্ঞানের উৎপত্তি হয় কত সালে?
A. ১৭৯৮ B. ১৮১৮ C. ১৮৩৯ D. ১৯৩৯

08. Logos শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
A. ইংরেজি B. ফরাসি C. ল্যাটিন D. গ্রিক

09. 'Sociology' শব্দটির প্রবক্তা কে?
A. প্লেটো B. এরিস্টটল C. ইবনে খালদুন D. অগাস্ট কোত

10. 'সমাজবিজ্ঞান হচ্ছে অনুষ্ঠান-প্রতিষ্ঠানের বিজ্ঞান'- উক্তিটি কার?
A. ইবনে খালদুন B. অগাস্ট কোত
C. এমিল ডুখেইম D. কার্ল মার্কস

11. অগাস্ট কোঁৎ কোন দেশের নাগরিক?
A. জার্মানি B. ফ্রান্স C. ইতালি D. ইংল্যান্ড

12. কোন বিষয়টি সমাজবিজ্ঞানের উদ্ভবের সাথে জড়িত নয়?
A. প্রজ্ঞাবান B. উত্তর-আধুনিকতা
C. ফরাসি বিপ্লব D. পুনর্জাগরণ

13. ইবনে খালদুনের মতে, সমাজবিজ্ঞানের মূল প্রত্যয় হচ্ছে-
A. সামাজিক বিচ্যুতি B. পরস্পর সমঝোতা
C. সামাজিক সংহতি D. শ্রেণি বৈষম্য

14. সামাজিক নিয়ন্ত্রণের শক্তিশালী মাধ্যম কোনটি?
A. পরিবার B. সমাজ C. ভাষা D. রাষ্ট্র

15. সামাজিক প্রত্যক্ষণ আলোচিত হয়-
A. নৃবিজ্ঞানে B. মনোবিজ্ঞানে
C. সমাজবিজ্ঞানে D. ইতিহাসে

16. সমাজবিজ্ঞান একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে আত্মপ্রকাশ করে-
A. অষ্টাদশ শতাব্দীতে B. ষোড়শ শতাব্দীতে
C. উনবিংশ শতাব্দীর মধ্যভাগে D. উনবিংশ শতাব্দীতে

17. বিখ্যাত গ্রন্থ Positive Philosophy লিখেছেন-
A. কার্ল মার্কস B. অগাস্ট কোঁত
C. ডুর্খেইম D. হার্বার্ট স্পেন্সার

18. জীবদেহের সঙ্গে সমাজের তুলনা করেছেন কে?
A. হার্বার্ট স্পেন্সার B. ডারউইন C. এরিস্টটল D. জন রক

19. সমাজের ক্রমবিকাশ নিয়ে আলোচনা করেছেন কে?
A. লে-প্লে B. টেইলর C. স্পেন্সার D. মর্গান

20. মাতৃপ্রধান সমাজের তত্ত্ব কার অবদান?
A. হবহাউস B. ওয়েস্টারমার্ক C. ব্রিফল্ট D. কেউই নন

উত্তরমালা									
05	B	06	A	07	C	08	D	09	B,D
10	C	11	B	12	B	13	C	14	D
15	C	16	C	17	B	18	A	19	D
20	C								

21. 'The Prince' গ্রন্থের লেখক কে?
A. হবস B. লক C. ম্যাকিয়াভেলী D. রুশো

22. 'সমাজবিজ্ঞান হচ্ছে অনুষ্ঠান-প্রতিষ্ঠানের বিজ্ঞান'-উক্তিটি কার?
A. ইবনে খালদুন B. অগাস্ট কোঁৎ
C. এমিল ডুর্খেইম D. কার্ল মার্কস

23. সমাজবিজ্ঞান শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?
A. রুশো B. প্লেটো C. অগাস্ট কোঁৎ D. ম্যাকাইভার

24. "সমাজবিজ্ঞানই একমাত্র বিজ্ঞান যা সমাজ ও সামাজিক সম্পর্ক সম্বন্ধে পাঠ দান করে।"-উক্তিটি কার?
A. ম্যাক্সওয়েবার B. কার্ল মার্কস
C. ম্যাকাইভার D. ডুর্খেইম

25. "সমাজবিজ্ঞান হচ্ছে সামাজিক জীবনের বৈজ্ঞানিক অধ্যয়ন।"-উক্তিটি কার?
A. ম্যাক্স ওয়েবার B. অগবার্ন ও নিমকফ
C. ম্যাকাইভার D. কিংসলে ডেভিস

26. জীববিজ্ঞানে বিবর্তনবাদী তত্ত্বের প্রবক্তা কে?
A. অগাস্ট কোঁৎ B. টমাস একুইনাস
C. ডারউইন D. এমিল ডুর্খেইম

27. 'আল-মোকাদ্দিমা' গ্রন্থটির লেখক কে?
A. ইবনে বতুতা B. ইবনে খালদুন
C. ইবনে জাবির D. নাদিম আল জাবির

28. বাংলাদেশের সমাজবিজ্ঞানের প্রাণপুরুষ কে?
A. ড. অনুপম সেন B. ড. রঙ্গলাল সেন
C. অধ্যাপক আফসার উদ্দীন D. অধ্যাপক এ. কে. নাজমুল করিম

29. অর্থনীতি কী ধরনের সামাজিক বিজ্ঞান?
A. কাঠামোগত B. অতি প্রাচীন
C. বিশেষীকৃত D. অনুমান নির্ভর

30. মানুষের কোন কার্যকলাপকে সমাজ থেকে আলাদা করে জানা সম্ভব নয়?
A. রাষ্ট্রীয় B. সামাজিক C. অর্থনৈতিক D. রাজনৈতিক

31. আর্থ-সামাজিক উন্নয়নের জন্য প্রয়োজন-
A. জাতীয় বাজেট B. সুষ্ঠু রাজনীতি
C. জাতীয় নীতি D. সমাজতাত্ত্বিক পরিকল্পনা

32. মানুষের পারস্পরিক নির্ভরশীলতা সংক্রান্ত বিষয়টি কোন বিজ্ঞানের অন্তর্গত?
A. ভৌতবিজ্ঞান B. জ্যোতির্বিজ্ঞান
C. প্রাকৃতিক বিজ্ঞান D. সামাজিকবিজ্ঞান

33. কোনটি সমাজের মানুষের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এনে দেয়?
A. সংস্কৃতি B. নৈরাজ্য C. সম্পদ D. প্রত্যাশা

34. সমাজ-বিজ্ঞানের আলোচ্য বিষয় কোনটি?
A. ব্যক্তির মেধা B. ব্যক্তির শিক্ষা
C. ব্যক্তির আচরণ D. ব্যক্তি ও সমাজের ক্রিয়াকলাপ

উত্তরমালা									
21	C	22	C	23	C	24	C	25	B
26	C	27	B	28	D	29	C	30	C
31	D	32	A	33	C	34	C		

দ্বিতীয় অধ্যায়: সমাজবিজ্ঞানের বৈজ্ঞানিক মর্যাদা

বিজ্ঞান হলো যে কোনো বিষয় সম্পর্কে পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ ও পদ্ধতিগতভাবে অর্জিত সুশৃঙ্খল ও সুসংবদ্ধ জ্ঞান। **গ্রিক শব্দদ্বয়** Met এবং Hodos এর সমন্বয়ে ইংরেজি Method শব্দটির উৎপত্তি হয়েছে। Meta শব্দের অর্থ হলো **সাথে** এবং Hodos শব্দের অর্থ হলো **পথ বা পন্থা** অর্থাৎ কোনো কাজ **সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য যে সুনির্দিষ্ট ও নিয়মতান্ত্রিক** পন্থা অনুসরণ করতে হয় তাকে Method বা পদ্ধতি বলে।

বৈজ্ঞানিক পদ্ধতির বৈশিষ্ট্যসমূহ

- বস্তুনিষ্ঠ
- নিয়মতান্ত্রিক
- অভিজ্ঞতাভিত্তিক
- নিরপেক্ষ
- যাচাইযোগ্য
- তত্ত্বের সাথে সম্পর্কযুক্ত
- সাধারণীকরণ
- ভবিষ্যদ্বাণী প্রদানে সক্ষম

বৈজ্ঞানিক পদ্ধতির স্তরসমূহ

- **সমস্যা নির্বাচন ও চিহ্নিতকরণ:** গবেষণার প্রথম পর্যায়ে প্রয়োজন হয় একটি সামাজিক সমস্যাকে নির্বাচন করা।
- **তথ্যের শ্রেণিবিন্যাস:** তথ্য বা উপাত্ত দু'ধরনের হতে পারে; যথা- গুণগত এবং পরিমাণগত বা সংখ্যাতাত্ত্বিক। সমাজবিজ্ঞানের গবেষণায় বর্ণনামূলক বা গুণগত বেশির ভাগ তথ্য সংখ্যা দ্বারা প্রকাশ করা হয়। সমাজবিজ্ঞানে গুণগত তথ্যকে বর্তমান Code-এর মাধ্যমে চিহ্নিত করা হয়।
- **পূর্বানুমান প্রণয়ন:** পর্যবেক্ষণ ও তথ্য সংগ্রহের পর্যায়ে যে ফলাফল পাওয়া যায় তার ভিত্তিতে সমস্যা সম্পর্কে একটি ধারনা দেওয়াই হচ্ছে পূর্বানুমান প্রণয়ন।
- **সত্যতা যাচাই:** এ পর্যায়ে গবেষকের কাজ হচ্ছে গবেষণা এলাকা থেকে যেসব তথ্য সংগৃহীত ও শ্রেণিবদ্ধ করা হয়েছে তার ভিত্তিতে প্রাপ্ত ফলাফ পূর্বে প্রণীত পূর্বানুমানের সাথে কতটুকু সত্য বা যথার্থ তা পরীক্ষা করা।

সমাজবিজ্ঞানে ব্যবহৃত প্রধান কয়েকটি গবেষণা পদ্ধতি

সমাজবিজ্ঞান একটি গতিশীল বিজ্ঞান। সামাজিক সমস্যাবলি পরিপূর্ণভাবে ব্যাখ্যা ও বিশ্লেষণের জন্য অনেকগুলো পদ্ধতি রয়েছে। তার মধ্যে গুরুত্বপূর্ণ কয়েকটি হলো-

ঐতিহাসিক পদ্ধতি	• ঐতিহাসিক পদ্ধতির মাধ্যমে আমরা মানবসমাজের উৎপত্তি, প্রকৃতি ও কার্যধারা সম্বন্ধে জ্ঞানলাভের জন্য অতীত সভ্যতা ও সামাজিক আচার-বিধি ইত্যাদি বিষয়ে গবেষণা করে থাকি। • **ই. ওয়েস্টার মার্ক-এর মতে,** ঐতিহাসিক পদ্ধতি পরস্পর নির্ভরশীল দুটি ধারায় প্রবাহিত- ১. ঐতিহাসিক দর্শন এবং ২. জীববিজ্ঞানের বিবর্তনবাদ।
দার্শনিক পদ্ধতি	• সমাজে মাঠে **ম্যাক্স ওয়েবারের** পথ অনুসরণ করে অনেকে দার্শনিক পদ্ধতি (Verstehen) এর প্রয়োগ করতে বলেন। Verstehen এর অর্থ হলো **অন্তর্দৃষ্টি;** অর্থাৎ বুঝতে পারা বা অনুধাবন করা। • দার্শনিক পদ্ধতি দ্বারা সমাজ বিশ্লেষণ 'জীবন্ত ও অর্থপূর্ণ' হয়ে ওঠে। • দার্শনিক পদ্ধতি সাধারণত অনুমিত সিদ্ধান্তের মাধ্যমে কতকগুলো **অপ্রত্যক্ষ ও অপ্রকাশ্য** অবস্থাকে সত্য বলে ধরে নেওয়া হয়।
নৃতাত্ত্বিক পদ্ধতি	• নৃবিজ্ঞান হচ্ছে **মানব বিষয়ক** বিজ্ঞান। • এ পদ্ধতি প্রয়োগ মানব জাতিতত্ত্বের সম্পর্কে সঠিকভাবে **অনুধাবন করা যায় এবং তীক্ষ্ণ পর্যবেক্ষণের** মধ্য দিয়ে এটি করা হয় বলে একে Participant and Observation Method-ও বলা হয়। **নৃতাত্ত্বিক পদ্ধতির প্রধান অসুবিধা** ➢ এ পদ্ধতি দীর্ঘ সময়সাপেক্ষ এবং শ্রমসাধ্য। ➢ এটি অত্যন্ত ব্যয়বহুল ➢ এতে সামাজিক জটিলতা বিদ্যমান ➢ তথ্যাবলির নির্ভরযোগ্যতা যাচাই করার জন্য এ পদ্ধতি দ্বারা গবেষণার পুনরাবৃত্তি সম্ভব নয়।

জরিপ পদ্ধতি	• এটি কোনো একটি বিশেষ বিষয়ে তথা সমাজের প্রয়োজনে কোনো সামাজিক সমস্যার ওপর তথ্য সংগ্রহের জন্য চালানো হয়। • **এ পদ্ধতির প্রধান লক্ষ্য-** সামাজিক অবস্থানকে বিশ্লেষণ করা ও সুনির্দিষ্ট সমাজের গবেষণা করা। • **সামাজিক জরিপ হলো-** সামাজিক তথ্যঅনুসন্ধানের একটি পদ্ধতি।
কেস স্টাডি বা ঘটনা অনুধ্যান পদ্ধতি	• এ পদ্ধতিতে এক বা একাধিক **ঘটনা পর্যবেক্ষণ** করে একটি সাধারণ সূত্রে আসার চেষ্টা করা হয়। • **পারিবারিক বাজেট নিয়ে স্টাডি করতে গিয়ে সামাজিক গবেষণায় এ পদ্ধতিটির প্রথম প্রয়োগ করেন-** ফ্রেডরিক লা প্লে। • **এ পদ্ধতিতে গবেষক ব্যবহার করে থাকেন-** সাক্ষাৎকার গ্রহণ, প্রশ্নপত্র, জীবনবৃত্তান্ত কৌশলগুলো।
তুলনামূলক পদ্ধতি	• বর্তমানে কোনো সামাজিক **প্রপঞ্চ** অতীতে কেমন ছিল এবং বর্তমান সময়ের অবস্থা কী সেসব জেনে অতীত ও বর্তমানের মধ্যে একটি তুলনামূলক আলোচনাকেই তুলনামূলক পদ্ধতি বলা হয়। • সর্বপ্রথম তুলনামূলক পদ্ধতি অনুসরণ করেন- বিবর্তনবাদে বিশ্বাসী সমাজবিজ্ঞানীগণ। • **এ পদ্ধতির মূল লক্ষ্য হলো-** বিভিন্ন জনসমাজ ও সম্প্রদায়ের মধ্যে তুলনার মাধ্যমে তাদের জীবনযাপন পদ্ধতির পার্থক্য বা সাদৃশ্য নিরূপণ করা। • **ডুর্খেইম সর্বপ্রথম এ পদ্ধতির তাৎপর্য ব্যাখ্যা করেন-** The Rules of Sociological Method নামক গ্রন্থে। **নোট:** 'সমাজের আত্মহত্যা'র বিশ্লেষণের মাঝে আত্মহত্যা একটি **সামাজিক কারণ** হিসেবে উদঘাটন করতে চেষ্টা করেছেন।

অনুশীলনী

01. ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট অনুসন্ধানে কোন ধরনের গবেষণা পদ্ধতি প্রয়োগ করা যায়?

A. পরীক্ষণ পদ্ধতি B. ঐতিহাসিক পদ্ধতি
C. তুলনামূলক পদ্ধতি D. ঘটনা জরিপ পদ্ধতি

02. সামাজিক জরিপ পদ্ধতি বলতে বোঝায়?

A. সরেজমিনে তথ্য অনুসন্ধান
B. কোনো ঘটনা বা ব্যক্তিকে অধ্যয়ন
C. সমাজ জীবনে অংশগ্রহণের মাধ্যমে তথ্য অনুসন্ধান
D. পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে যাচাইকরণ

03. বৈজ্ঞানিক অনুসন্ধান পদ্ধতির একটি গুরুত্বপূর্ণ উপাদান কোনটি?

A. শিরোনাম তৈরি B. সূত্র নির্ণয়
C. ভবিষ্যদ্বাণী D. সিদ্ধান্ত গ্রহণ

04. কোন পদ্ধতিতে সামাজিক প্রপঞ্চসমূহের অন্তর্নিহিত রূপ ও তাৎপর্য সম্পর্কে বিচার-বিশ্লেষণ করা হয়?

A. ভেরস্টিহেন B. পর্যবেক্ষণ
C. নমুনা জরিপ D. ঘটনা জরিপ

05. কখন থেকে মানবজাতির জ্ঞানের স্ফূরণ ঘটেছে?

A. চাকা আবিষ্কারের পর B. আগুন আবিষ্কারের পর
C. কৃষিকার্য সূচনার পর D. প্রকৃতিকে বশ করার পর

06. গবেষণার প্রারম্ভ ও সমাপ্তি কীসের মধ্যে নিহিত?

A. নির্বাচন B. পর্যবেক্ষণ
C. অনুধ্যান D. ভবিষ্যদ্বাণী

07. কোনটিকে বিজ্ঞানের ভিত্তি বলা হয়?

A. গবেষণাকে B. বাস্তব জ্ঞানকে
C. বৈজ্ঞানিক পদ্ধতিকে D. জ্ঞান ও পান্ডিত্যের শৃঙ্খলাবোধকে

08. কোন পদ্ধতিতে সমাজবিজ্ঞানীগণ অনুধ্যান বা অন্তর্দৃষ্টি দিয়ে দেখেন?

A. ঐতিহাসিক B. দার্শনিক
C. নৃতাত্ত্বিক D. জরিপ

09. বৈজ্ঞানিক পদ্ধতির প্রথম ধাপ কোনটি?

A. উপাত্ত সংগ্রহ B. সমস্যা নির্বাচন
C. যথার্থতা যাচাই D. উপাত্তের শ্রেণিবিন্যাস

10. গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে অনুসন্ধান করতে কোন গবেষণা পদ্ধতি ব্যবহার করা হয়?

A. জরিপ পদ্ধতি B. ঐতিহাসিক পদ্ধতি
C. তুলনামূলক পদ্ধতি D. পরীক্ষণ পদ্ধতি

উত্তরমালা									
01	B	02	A	03	C	04	A	05	B
06	B	07	C	08	B	09	B	10	A

11. বৈজ্ঞানিক পদ্ধতির ধাপ নয় কোনটি?

A. সমস্যা নির্বাচন B. অনুসিদ্ধান্ত যাচাই
C. সুশৃঙ্খল অধ্যয়ন D. সমস্যার সংজ্ঞায়ন

12. যে যৌক্তিক প্রণালিতে সামাজিক বিষয়াবলি ব্যাখ্যা ও বিশ্লেষণের মাধ্যমে তথ্যরাজি ধারাবাহিক পর্যবেক্ষণ করা হয় তাকে বলে-

A. বৈজ্ঞানিক প্রক্রিয়া B. বৈজ্ঞানিক কল্পনা
C. বৈজ্ঞানিক পদ্ধতি D. বৈজ্ঞানিক আলোচনা

13. Meta ও hodos-এর ইংরেজি প্রতিশব্দ হলো-

A. Together ও Road B. Among ও Lane
C. With ও Way D. With ও Policy

14. Method of Case Study (ঘটনা অনুধ্যান পদ্ধতি) প্রথম কে প্রয়োগ করেন?

A. এমিল ডুর্খেইম B. কার্ল মার্কস
C. ফ্রেডারিক লা প্লে D. ম্যাক্স ওয়েবার

15. কোনো কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে যে পন্থার সাহায্য নিতে হয় তাকে কী বলে?

A. নিয়ম B. কৌশল
C. রীতি D. বিজ্ঞান

16. ভেরস্টিহেন (Verstehen) শব্দের অর্থ কী?

A. দুশ্চিন্তা করা
B. বুঝতে পারা বা অনুধাবন করা
C. ফয়সালা D. প্রয়োগ করা

17. ইংরেজি (Method) শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

A. লাতিন B. গ্রিক
C. রোমান D. হিব্রু

18. সমাজ-গবেষণায় বৈজ্ঞানিক পদ্ধতির কোন স্তরে গিয়ে তত্ত্ব নির্ভুল বা সুনিশ্চিত লাভ করা যেতে পারে?

A. সত্যতা যাচাই B. ভবিষ্যদ্বাণী
C. তথ্যের শ্রেণিবিন্যাস D. পূর্বানুমান প্রণয়ন

19. কোনো বিষয়কে বিজ্ঞানের পদপ্রাচ্য হতে হলে তার কী থাকা অপরিহার্য?

A. যাচাইযোগ্যতা B. সাধারণীকরণ
C. নিরপেক্ষতা D. বস্তুনিষ্ঠতা

20. কোনো বিষয় সম্পর্কে সঠিকভাবে ভবিষ্যদ্বাণী করা সম্ভব হয় কীসের মাধ্যমে?

A. সাধারণীকরণের মাধ্যমে
B. অভিজ্ঞতার মাধ্যমে
C. বৈজ্ঞানিক পদ্ধতির মাধ্যমে
D. যাচাই যোগ্যতার মাধ্যমে

21. কোনো সামাজিক প্রপঞ্চকে বিজ্ঞানসম্মতভাবে জানার চেষ্টা করলে তাকে কী বলে?

A. অনুসন্ধান B. পর্যালোচনা
C. গবেষণা D. পরীক্ষা

22. গবেষণায় বৈজ্ঞানিক পদ্ধতির সর্বশেষ পর্যায় কোনটি?

A. পর্যবেক্ষণ B. পূর্বানুমান প্রণয়ন
C. তথ্যের শ্রেণিবিন্যাসকরণ
D. ভবিষ্যদ্বাণীকরণ

23. কোন পদ্ধতিতে সমাজ গবেষক দার্শনিকের ভূমিকায় কাজ করে?

A. দার্শনিক B. ঐতিহাসিক
C. তুলনামূলক D. পরীক্ষণ

24. সমাজ-গবেষণায় তুলনামূলক পদ্ধতি কয়ভাবে প্রয়োগ করা যায়?

A. দুই B. তিন
C. চার D. পাঁচ

উত্তরমালা									
11	C	12	A	13	C	14	C	15	B
16	B	17	B	18	A	19	B	20	C
21	C	22	D	23	A	24	A		

তৃতীয় অধ্যায়: সমাজবিজ্ঞানীদের মতবাদ ও অবদান

ইবনে খালদুন

- জন্ম- তিউনিসিয়ার তিউনিস শহরে।
- তাঁর উপাধি- 'ওয়ালীউদ্দিন'; যার অর্থ হলো 'ধর্মের অভিভাবক'।
- তাঁর বিখ্যাত গ্রন্থ- আল-মুকাদ্দিমা (The Prolegomena)।
- আল-মুকাদ্দিমা গ্রন্থটি হলো- সর্বজনীন ইতিহাসের ভূমিকা।
- সমাজবিজ্ঞানে ইতিহাস দর্শনের এক বিশিষ্ট ভূমিকা তুলে ধরেন- আল-মুকাদ্দিমা গ্রন্থে।
- সমাজবিজ্ঞানের প্রকৃত আদি প্রতিষ্ঠাতা ছিলেন- ইবনে খালদুন।

বিখ্যাত গ্রন্থ

- Al-Kitabul Ibar
- Lubabu-I-Muhassal
- Sifau-Sail

উমরান

- প্রথম ব্যক্তি যিনি 'Umaran (উমরান)' ধারণাটি ব্যবহার করেন- ইবনে খালদুন।
- ব্যবহার করেন- মানুষের সমাজ ও তার সভ্যতা-সংস্কৃতির ক্ষেত্রে অর্জিত উন্নতিকে অবিচ্ছিন্ন সত্তা হিসেবে বিবেচনা করে।
- উমরানিয়াত শব্দের অর্থ- সংস্কৃতিবিষয়ক আলোচনা; যা পরবর্তী সমাজবিজ্ঞানীরা 'সমাজবিজ্ঞান' হিসেবে অভিহিত করেন।
- 'উমরানিয়াত' এর গূঢ় তত্ত্ব বিশ্লেষণ করেন- সামাজিক ঘটনাবলির ব্যাখ্যা দিতে গিয়ে।
- প্রকৃতপক্ষে, তিনি উমরানিয়াতকেই ব্যাখ্যা দিয়েছেন- 'আধুনিক সমাজবিজ্ঞান' হিসেবে।

আসাবিয়া তত্ত্ব

- আল-আসাবিয়া (Social Solidarity) এর বাংলা প্রতিশব্দ- সামাজিক সংহতি।
- 'আসাবিয়া' অর্থ- **গোত্রপ্রীতি** বা **সামাজিক সংহতি** (এই সংহতিকে খালদুন **গোষ্ঠী সংহতি** বলেও আখ্যায়িত করেছেন)।
- ইবনে খালদুনের মতে- **সমাজের ভিত্তিই হচ্ছে এই গোষ্ঠী সংহতি।**
- সামাজিক সংহতি গড়ে ওঠে- রক্ত, জাতি ও ধর্ম সম্পর্কের ওপর ভিত্তি করে।
- গোত্রপ্রীতি থেকেই মানুষের সংঘবদ্ধ জীবন গড়ে উঠেছে, যা- সামাজিক সংহতির ভিত্তি।

বাদওয়া ও হারদা

'বাদওয়া' ও 'হারদা' দুটি নতুন ধারণা। 'বাদওয়া' আর 'হারদা' এর জন্ম দেবার গৌরবও ইবনে খালদুনের। আর এর ফলেই প্রধানত সমাজবিজ্ঞানের **দুটি বিশেষ ধারা গ্রামীণ সমাজবিজ্ঞান ও শহুরে সমাজবিজ্ঞানের** ঐতিহাসিক অগ্রযাত্রা সম্ভব হয়েছিল।

অগাস্ট কোঁৎ

ফরাসি দার্শনিক ও সমাজবিজ্ঞানী অগাস্ট কোঁৎ Positive Philosophy গ্রন্থের ৪র্থ খণ্ডে Sociology শব্দটি ব্যবহার করেন। প্রথমে এই বিজ্ঞানকে 'সোশ্যাল ফিজিক্স' নামকরণ করেছিলেন। পরবর্তীকালে এর নামকরণ করা হয় 'সমাজবিজ্ঞান'।

তিনটি গ্রন্থ হলো

১. Course-de-Positive Philosophic
২. A System de Politique Positive
৩. Opuscules de Philosophic Social

দৃষ্টবাদ

অগাস্ট কোঁৎ দৃষ্টবাদের ব্যাখ্যায় বলেন, পৃথিবীটা বহুবিদ **অপরিবর্তনীয় প্রাকৃতিক নিয়ম দ্বারা শৃঙ্খলার কাঠামোয় বিন্যস্ত।** মানবসমাজকে **পরিবর্তনের অপরিবর্তনীয়** সূত্রটি আবিষ্কার করে কিভাবে সমাজকে **সুসংগঠিত এবং স্থিতিশীল করে প্রগতির পথে** এগিয়ে নিয়ে যাওয়া যায়, তা ছিল দৃষ্টবাদের মূল উদ্দেশ্য।

ত্রয়স্তর সূত্র

অগাস্ট কোঁতের সমাজতাত্ত্বিক ধারণা বিকাশে অন্যতম অবদান হচ্ছে ত্রয়স্তরের সূত্র। এতে **মানব জ্ঞানের ক্রমোন্নতি এবং সমাজের উন্নতি ও ক্রমবিকাশের** বিবর্তনিক ব্যাখ্যা প্রদান করা হয়।

এ স্তর তিনটি হলো-

১. ধর্মতাত্ত্বিক স্তর
২. অধিবিদ্যাগত স্তর এবং
৩. দৃষ্টবাদী বা বিজ্ঞানভিত্তিক স্তর।

সামাজিক স্থিতিশীলতা ও গতিশীলতা

অগাস্ট কোঁতের মতে, সামাজিক স্থিতিশীলতা সমাজের গঠন এবং কাঠামোর সাথে সম্পৃক্ত। অপরদিকে, সামাজিক **গতিশীলতা বা চলমানতা মানবসমাজের প্রগতি এবং উন্নতির** বিশ্লেষণ করে। সব সমাজেই এ দুটি লক্ষ্য দেখা যাবে। কারণ যুগপৎ সমাজ স্থিতিশীল ও গতিশীল।

হার্বার্ট স্পেন্সার

ইংরেজ দার্শনিক ও সমাজবিজ্ঞানী হার্বার্ট স্পেন্সার। হার্বার্ট স্পেন্সার বেশ কয়েকটি প্রসিদ্ধ গ্রন্থ রচনা করেন। তার মধ্যে-



হার্বার্ট স্পেন্সার

১. Social Static
২. The Principle of Philosphy
৩. The Study of Sociology
৪. Frist Principle
৫. Principle of Ethics প্রভৃতি।

সমাজবিজ্ঞান বিকাশে হার্বার্ট স্পেন্সারের অবদান হলো-

১. জৈবিক সাদৃশ্যমূলক মতবাদ ও
২. সামাজিক বিবর্তনবাদ

সামাজিক বিবর্তনবাদ

স্পেন্সারের সমাজ বিবর্তনের ধারণাটি তাঁর **জৈব বিবর্তনের** তত্ত্ব থেকে উদ্ভূত। সামাজিক বিবর্তনকে তিনি **দুটি** পর্যায়ে বিশ্লেষণ করেছেন। **প্রথম পর্যায়ে** তিনি সরল সমাজ থেকে বিভিন্ন স্তরের যৌগিক সমাজে বা জটিলতর সমাজে উন্নয়নের কথা বলেছেন। এ পর্যায়ে তাঁর আলোচনায় **চার ধরনের** সমাজের কথা বলেছিলেন-

১. সরল সমাজ
২. যৌগিক সমাজ
৩. দ্বিগুণ যৌগিক সমাজ
৪. ত্রিগুণ যৌগিক সমাজ

পরবর্তীকালে তিনি সামাজিক বিবর্তনের আর একটি ব্যাখ্যা দিয়েছেন। **দ্বিতীয় পর্যায়ের ব্যাখ্যায়** স্পেন্সার সমাজের **দুটি ভাগ** দেখিয়েছেন- ১. সামরিকভিত্তিক সমাজ বা যোদ্ধা সমাজ (Military Society) এবং (২) শিল্পভিত্তিক সমাজ (Industrial Society।

এমিল ডুর্খেইম

সমাজবিজ্ঞানে ফরাসি সমাজবিজ্ঞানী এমিল ডুর্খেইমের পাঁচটি গুরুত্বপূর্ণ তত্ত্ব নিয়ে আলোচনা করা হলো। যথা-

শ্রমবিভাগ

ডুর্খেইম সামাজিক **সংহতির কথা** বলতে গিয়ে শ্রমবিভাগের গুরুত্ব বিশ্লেষণ করেন। তিনি মনে করেন, **সামাজিক সংহতি শ্রমবিভাগের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়।** তিনি সামাজিক সংহতিকে **দু'ভাগে** বিভক্ত করেছেন। **যথা-** যান্ত্রিক সংহতি এবং জৈব সংহতি।

দৃষ্টবাদ

সমাজ বাস্তবতার উপাদান হলো **'সামাজিক ঘটনাসমূহ'** (Social facts) বা **'সামাজিক বস্তু সত্য'**। আর সামাজিক ঘটনাসমূহের সমন্বিত রূপই হলো সমাজ।

সামাজিক ঘটনা

সামাজিক ঘটনাবলিকে বস্তু হিসেবে গ্রহণ করা সমাজতাত্ত্বিক আলোচনার **প্রথম ধাপ**।

ডুর্খেইমের মতানুসারে আইন-কানুন, নিয়ম-নীতি, সামাজিক বাধ্যবাধকতা প্রভৃতি যা প্রত্যেক ব্যক্তিকে নৈতিকভাবে সামাজিক চাপের মধ্যে থাকতে বাধ্য করে তাকে বা সে অবস্থাকে সামাজিক ঘটনা বলে। **সামাজিক ঘটনা বলতে বোঝায় যে, কোনো কার্যকারণের প্রকৃতি যা ব্যক্তির ওপর বাহ্যিক চাপের সৃষ্টি করে।**

আত্মহত্যা

ডুর্খেইম তাঁর এ ব্যাখার প্রেক্ষিতে **তিন ধরনের** আত্মহত্যার বর্ণনা তুলে ধরেছেন। **যথা-** আত্মকেন্দ্রিক আত্মহত্যা, পরার্থমূলক আত্মহত্যা এবং নৈরাজ্যমূলক আত্মহত্যা। 'The Suicide' গ্রন্থের পাদটিকায় (Foot Note) **ভাগ্যবাদী আত্মহত্যা** (Fatalistic Suicide) নামে এক ধরনের আত্মহত্যার কথা উল্লেখ করেছেন। ডুর্খেইম আত্মহত্যার বিষয়ে সমাজতাত্ত্বিক যে ব্যাখ্যা ও তাৎপর্য তুলে ধরেছেন তা থেকে **সামাজিক অবক্ষয়ের** সূচক এর দৃষ্টান্ত মেলে। তিনি এ আলোচনায় **তুলনামূলক** পদ্ধতির আশ্রয় নেন।

ধর্ম

ডুর্খেইম দেখতে পান যে, ধর্মের মূল উপাদান **দুটি**- 'বিশ্বাস' এবং 'আচার'।

ডুর্খেইম বলেন, ধর্মের মূল উপাদান দুটি বিশ্বাস এবং আচার।

ম্যাক্স ওয়েবার

জার্মান সমাজবিজ্ঞানী ম্যাক্স ওয়েবার। সমাজতাত্ত্বিক আলোচনায় তাঁর মূল উদ্দেশ্য ছিল **'সামাজিক পদ্ধতি'** বিশ্লেষণ করা।

আমলাতন্ত্র

ওয়েবার **আমলাতন্ত্রের** কাঠামো, প্রকৃতি পর্যালোচনা করতে গিয়ে নিম্নে বর্ণিত বৈশিষ্ট্যগুলো তুলে ধরেন। যেমন-

- সুনির্দিষ্ট নিয়মের ওপর আমলাতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত।
- স্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ও চাকরি সুনির্দিষ্ট নীতিমালা দ্বারা নিয়ন্ত্রিত।
- ক্রমোচ্চ শ্রেণিবিভাগ নীতির ওপর প্রতিষ্ঠিত।
- প্রতিযোগিতামূলক পরীক্ষা দ্বারা নিয়োগপ্রাপ্ত।
- বেতন আকারে পারিশ্রমিক এবং পেনশনের নিশ্চয়তা।
- কর্মদক্ষতা ও আনুষঙ্গিক যোগ্যতার ভিত্তিতে পদোন্নতি।
- নিয়োগপ্রাপ্ত কর্মচারীদের প্রশিক্ষণ।
- লিখিতভাবে প্রশাসনিক কাজকর্ম পরিচালনা।
- আইন দ্বারা নিয়ন্ত্রিত।

আমলাতন্ত্র সম্পর্কে আরো জানতে হবে

আমলাতন্ত্রের আলোচনায় তিনি তাঁর **'আদর্শ নমুনা'** (Ideal Type) ধারণাটিকে প্রয়োগের প্রয়াস চালিয়েছিলেন। 'The Protestant Ethic and the Spirit of Capitalism' **আইনসিদ্ধ ক্ষমতাকে কর্তৃত্ব বলে।** আদেশ প্রদানের ক্ষমতা আইনসিদ্ধ হলে কর্তৃত্বের উদ্ভব হয়। কর্তৃত্বের স্বরূপ আলোচনা করতে গিয়ে তিনি **কর্তৃত্বকে তিন ভাগে** বিভক্ত করেছেন। **যথা-**

১. ঐতিহ্য পরম্পরা কর্তৃত্ব

আবহমানকার ধরে চলে আসা কোনো বিশেষ আদেশ মান্য করা প্রথাগতভাবে বাধ্যতামূলক। এ ধারণার ভিত্তিতে **লোক যখন কোনো উর্ধ্বতন ব্যক্তির আদেশ মেনে চলে** তখন তাকে ঐতিহ্যগত কর্তৃত্ব (Traditional authority) বলে।

২. বৈধ যুক্তিসিদ্ধ কর্তৃত্ব

নিয়ম ও আইনসিদ্ধ এবং তাই যুক্তিনির্ভর। এ ধারণার ভিত্তিতে **লোকে যখন আদেশ পালন করে থাকে,** তাকে যুক্তিনির্ভর ও আইনসিদ্ধ কর্তৃত্ব বলে।

৩. সম্মোহনী কর্তৃত্ব

সম্মোহনী কর্তৃত্ব ব্যক্তির দুর্লভ প্রতিভা, মেধাশক্তি, অসাধারণ ব্যক্তিত্বের গুণাবলি দ্বারা অর্জিত হয়। এটি **বিধাতা প্রদত্ত** বলে প্রচলিত ধারণায় মেনে নেওয়া হয়। সততা, সৎ সাহস, বাক্‌শক্তি ইত্যাদি দ্বারা সম্মোহনী কর্তৃত্ব লাভ করা যায়।

কার্ল মার্কস

- জন্ম- জার্মানিতে (ইহুদি পরিবারে)।
- কার্ল মার্কস ছাত্র ছিলেন- দর্শনের ।
- কার্ল মার্কস গভীরভাবে প্রভাবিত হন- হেগেলের (Hegel) দ্বন্দ্ববাদ দ্বারা ।

কার্ল মার্কস

কার্ল মার্কসের রচনাবলি

- Das Kapital
- The Communist Manifesto
- The Poverty of Philosophy
- The German Ideology
- The Holy Family

কার্ল মার্কসের তত্ত্ব

দ্বান্দ্বিক বস্তুবাদ

দ্বান্দ্বিক বস্তুবাদের তত্ত্ব অনুযায়ী বিশ্বের সকল বস্তুর বিশ্লেষণে বস্তুই প্রধান। এর সারকথা হলো সমস্ত বস্তুর বা প্রপঞ্চের বিকাশ হয় **দ্বন্দ্বের কারণে।** দ্বান্দ্বিক বস্তুবাদের মূলকথা হলো বস্তুর মধ্যে **নিয়ত দ্বন্দ্ব বিদ্যমান।** দ্বন্দ্ব থেকে **গতির সঞ্চার।** দ্বন্দ্বহীন এবং গতিহীন কোনো সত্তার অস্তিত্ব নেই।

ঐতিহাসিক বস্তুবাদ

দ্বান্দ্বিক বস্তুবাদের **সামাজিক সংস্করণই** ঐতিহাসিক বস্তুবাদ। বস্তুত সমাজ বিশ্লেষণের **বস্তুবাদী পদ্ধতি ও ব্যাখ্যাই** হলো ঐতিহাসিক বস্তুবাদ। মার্কসের ঐতিহাসিক বস্তুবাদের আলোকেই সামাজিক **উৎপাদন পদ্ধতিতে** পরিবর্তন ঘটে যা মূলত সমাজের পরিবর্তনতে অনিবার্য করে তোলে। মার্কস মানবসমাজ বিকাশের যে **পাঁচটি স্তরের** কথা বলেছেন তা তাঁর ঐতিহাসিক বস্তুবাদ তত্ত্বের আলোকে নির্ধারণ করেছেন।

পাঁচটি স্তর হলো-

(১) আদিম সাম্যবাদ (২) দাস ব্যবস্থা
(৩) সামন্ততন্ত্র (৪) পুঁজিবাদ এবং (৫) সমাজতন্ত্র।

মার্কস-এর মতানুসারে সমাজ দুটি ধারায় বা কাঠামোতে বিভক্ত-

১. মৌল কাঠামো
২. উপরি কাঠামো

নোট: এছাড়াও তাঁর গুরুত্বপূর্ণ তত্ত্বগুলো হলো- শ্রেণিসংগ্রাম তত্ত্ব, উদ্বৃত্ত মূল্যের তত্ত্ব এবং বিচ্ছিন্নতাবোধ তত্ত্ব।

অনুশীলনী

01. ডুর্খেইম কয় ধরনের আত্মহত্যার কথা বলেছেন?
A. দুই B. তিন
C. পাঁচ D. ছয়

02. আসাবিয়া হচ্ছে-
A. সামাজিক সংহতি B. সামাজিক চেতনা
C. সামাজিক ক্ষমতা D. সামাজিক নির্ভরশীলতা

03. শ্রেণিসংগ্রাম তত্ত্বটি কার?
A. ইবনে খালদুন B. হার্বার্ট স্পেন্সার
C. কার্ল মার্কস D. এমিল ডুর্খেইম

04. 'উমরানিয়াত'কে আধুনিক সমাজবিজ্ঞান হিসেবে ব্যাখ্যা দিয়েছেন কে?
A. কার্ল মার্কস B. ম্যাক্স ওয়েবার
C. ইবনে খালদুন D. স্পেন্সার

05. সমাজবিজ্ঞানের প্রথম ভিত্তি প্রস্তর করেন কে?
A. ইবনে খালদুন B. আল-যুবাইর
C. অগাস্ট কোঁৎ D. হার্বার্ট স্পেন্সার

06. প্রথমবারের মতো সমাজকে বৈজ্ঞানিক অনুসন্ধানের কাছে নিয়ে আসেন কে?
A. ইবনে খালদুন B. অগাস্ট কোঁৎ
C. ম্যাক্স ওয়েবার D. কার্ল মার্কস

07. অগাস্ট কোঁৎ কীসের দ্বারা সমাজকে পরিবর্তন করতে চেয়েছেন?
A. বিপ্লব B. বুদ্ধি C. শিক্ষা D. ঐক্য

08. জৈবিক সাদৃশ্যমূলক মতবাদের সারসংক্ষেপ কী?
A. জীবদেহ ও মানবসমাজ একই কাঠামোতে গঠিত
B. জীবদেহের সাথে মানব সমাজের গভীর সম্পর্ক রয়েছে
C. জীবজগৎ মানবসমাজকে প্রভাবিত করে
D. জীবজগতের সাথে মানবসমাজের কাঠামোগত সাদৃশ্য রয়েছে

09. জৈবিক ও যান্ত্রিক সংহতি মতবাদটি কার?
A. ডুর্খেইম B. কার্ল মার্কস
C. ম্যাক্স ওয়েবার D. অগাস্ট কোঁৎ

10. ডুর্খেইম ধর্মবিশ্বাসের মূলে কোনটিকে নির্দেশ করেছেন?
A. প্রাকৃতিক সত্য B. অশরীরী আত্মা
C. সামাজিক সত্য D. সামাজিক সম্পর্ক

11. "সমগ্র মানবসমাজের এ যাবতকালের ইতিহাস হলো শ্রেণিসংগ্রামের ইতিহাস"-উক্তিটি কার?
A. ম্যাক্স ওয়েবার B. অগাস্ট কোঁৎ
C. কার্ল মার্কস D. ডুর্খেইম

12. দ্বন্দ্ব থেকে কীসের সঞ্চার হয়?
A. বিবর্তন B. নৈরাজ্য
C. গতি D. সংহতি

13. দ্বন্দ্ব থেকে কীসের সঞ্চার হয়?
A. বিবর্তন B. নৈরাজ্য C. গতি D. সংহতি

14. ম্যাক্স ও ওয়েবার কয় ধরনের কর্তৃত্বের কথা বলেছেন?
A. তিন ধরনের B. দুই ধরনের
C. চার ধরনের D. পাঁচ ধরনের

15. সমাজবিজ্ঞানের আলোচনায় সকলে শ্রদ্ধাভরে ইবনে খালদুনকে স্মরণ করেন। কারণ-
A. তিনি সমাজবিজ্ঞানের আদি জনক
B. তিনি 'আল মুকাদ্দিমা' নামক গ্রন্থ প্রণয়ন করেছেন
C. তিনি সমাজবিজ্ঞানে শ্রেণিসংগ্রামের ধারণা দিয়েছেন
D. A + B

16. কার্ল মার্কসের মতে সমাজের মৌল কাঠামো কোনটি?
A. আইন B. অর্থনীতি C. সংস্কৃতি D. রাজনীতি

17. 'The Protestant Ethic and the Spirit of Capitalism' গ্রন্থটির লেখক কে?
A. অগাস্ট কোত B. ম্যাক্সওয়েবার
C. হার্বার্ট স্পেন্সার D. কার্ল মার্কস

18. 'সামাজিক স্থিতিশীলতা ও সামাজিক গতিশীলতা' ধারণাটি কোন সমাজবিজ্ঞানীর?
A. এমিল ডুর্খেইম B. উইলিয়াম পি.স্কট
C. অগাস্ট কোত D. রিচার্ড টি শেফার

19. মানুষের বুদ্ধিবৃত্তিক বিকাশসংক্রান্ত সূত্রটি কার?
A. অগাস্ট কোত B. এমিল ডুর্খেইম
C. হার্বঅর্ট স্পেন্সার D. ম্যাক্সওয়েবার

20. ক্ষমতা ও কর্তৃত্ব নিয়ে কোন সমাজবিজ্ঞানী বিশেষভাবে আলোচনা করেছেন?
A. এমিল ডুর্খেইম B. ম্যাক্সওয়েবার
C. অগাস্ট কোঁৎ D. ইবনে খালদুন

21. 'সামাজিক বিবর্তনবাদ' মতবাদের প্রবক্তা কে?
A. হার্বার্ট স্পেন্সার B. সক্রেটিস
C. ম্যাক্সওয়েবার D. অগাস্ট কোঁৎ

22. 'সংস্কৃতি বিজ্ঞান' কার অবদান?
A. ইবনে খালদুন B. কার্ল মার্কস
C. হার্বার্ট স্পেন্সার D. অগাস্ট কোঁৎ

উত্তরমালা									
01	B	02	A	03	C	04	C	05	A
06	B	07	D	08	D	09	A	10	A
11	C								

উত্তরমালা									
12	C	13	C	14	A	15	D	16	B
17	B	18	C	19	A	20	B	21	A
22	A								

23. ইবনে খালদুন 'আল-মুকাদ্দিমা' গ্রন্থে বিশদ আলোচনা করেছেন-
A. দ্বন্দ্ব বা কলহ B. ইতিহাস
C. রাষ্ট্র ও সার্বভৌমত্ব D. বাস্তবতা

24. 'আসাবিয়া' প্রত্যয়টির সাথে জড়িত কোন অর্থটি?
A. জৈবিক সংহতি B. ক্রমবিবর্তন
C. গোত্র সংহতি D. ব্যক্তি স্বাতন্ত্রবাদ

25. পজিটিভিজমের জন্মদাতা-
A. কার্ল মার্কস B. ইবনে খালদুন
C. স্পেন্সার D. অগাস্ট কোঁৎ

26. সমাজ সংস্কারের প্রধান উপায়-
A. অভিজ্ঞতা B. বিজ্ঞান
C. বুদ্ধিভিত্তিক সংস্কার D. বিশ্লেষণ

27. স্পেন্সারের সমাজ বিশ্লেষণের কয়টি তত্ত্ব?
A. ২টি B. ৫টি
C. ৬টি D. ৪টি

28. ডুর্খেইমের একটি বিখ্যাত গ্রন্থ-
A. The spirit B. The logic
C. The suicide D. The speciality

29. কে বস্তুনিষ্ট সমাজবিজ্ঞানের বিকাশ ঘটাতে চেয়েছিলেন?
A. অগাস্ট কোঁৎ B. এমিল ডুর্খেইম
C. হার্বাট স্পেন্সার D. ইবনে খালদুন

30. পরার্থমূলক আত্মহত্যা ঘটার কারণ-
A. অর্থনৈতিক B. পারিবারিক
C. ব্যক্তিগত D. দেশের জন্য

31. পরার্থমূলক আত্মহত্যা ঘটার কারণ-
A. অর্থনৈতিক B. পারিবারিক
C. ব্যক্তিগত D. দেশের জন্য

32. রাষ্ট্রের উৎপত্তির ক্ষেত্রে 'সামাজিক চুক্তি' মতবাদের প্রবক্তা কে?
A. কার্ল মার্কস B. রুশো
C. ডুর্খেইন D. ওয়েবার

33. সমাজবিজ্ঞানের আদি প্রতিষ্ঠাতা কে?
A. ইবনে খালদুন B. কার্ল মার্কস
C. স্পেন্সার D. ডুর্খেইম

34. আসাবিয়া প্রত্যয়টি কোন সমাজবিজ্ঞানী ব্যবহার করেন?
A. অগাস্ট কোঁৎ B. ইবনে খালদুন
C. এমিল ডুর্খেইম D. লিমবাপ

35. ত্রয়স্তরের সূত্রটি কে দিয়েছেন?
A. অগাস্ট কোঁৎ B. ম্যাক্স ওয়েবার
C. কার্ল মার্কস D. ডুর্খেইম

উত্তরমালা									
23	C	24	C	25	D	26	C	27	A
28	C	29	B	30	D	31	D	32	B
33	A	34	B	35	A				

36. অগাস্ট কোঁতের মতে, প্রাকৃতিক নিয়ম-শৃঙ্খলা কীভাবে জানা সম্ভব?
A. ভূগোল অধ্যয়ন B. অতীত ইতিহাস পর্যালোচনা
C. বৈজ্ঞানিক বিশ্লেষণ D. ঘটনা প্রত্যক্ষকরণ

37. ঐতিহাসিক বস্তুবাদ কী?
A. ঐতিহাসিক ঘটনাসমূহ
B. ঐতিহাসিক ঘটনার প্রেক্ষাপট
C. দ্বান্দ্বিক বস্তুবাদের সামাজিক রূপ
D. দ্বান্দ্বিক বস্তুবাদের সামাজিক সংস্কার

38. 'First Principle' গ্রন্থটির রচয়িতা কে?
A. এমিল ডুর্খেইম B. কার্ল মার্কস
C. হার্বার্ট স্পেন্সার D. ম্যাক্স ওয়েবার

39. 'The Suicide' গ্রন্থটির রচয়িতা কে?
A. কার্ল মার্কস B. ডুর্খেইম
C. ম্যাক্স ওয়েবার D. হার্বার্ট স্পেন্সার

40. 'আত্মহত্যা' তত্ত্বটি কার?
A. ডুর্খেইম B. কার্ল মার্কস
C. হার্বার্ট স্পেন্সার D. ম্যাক্স ওয়েবার

41. 'শ্রমবিভাজন' তত্ত্বটি কার?
A. কার্ল মার্কস B. ম্যাক্স ওয়েবার
C. ডুর্খেইম D. ইবনে খালদুন

42. এমিল ডুর্খেইমের মতে কীভাবে সামাজিক সংহতি প্রতিষ্ঠিত হয়?
A. শ্রমবিভাজনের মাধ্যমে B. শিল্পায়নের মাধ্যমে
C. ধনতন্ত্রের মাধ্যমে D. গণতন্ত্রের মাধ্যমে

43. মানুষ আদর্শ বর্জিত আত্মহত্যার দিকে ঝুঁকে পড়ে কেন?
A. সমাজজীবনে সর্বোচ্চ সুখ ভোগ করে বলে
B. সমাজজীবন থেকে নিজেকে বিচ্ছিন্নভাবে বলে
C. সমাজজীবনে যশ-খ্যাতি অর্জন হয় বলে
D. আত্মহত্যা করলে পরকালে সুখ লাভ হয় বলে

44. দ্বান্দ্বিক বস্তুবাদের মূল তাৎপর্য কী?
A. সমাজের মধ্যে নিয়ত দ্বন্দ্ব B. ব্যক্তি ও পারিবারিক অশান্তি
C. বস্তুর মধ্যে নিয়ত দ্বন্দ্ব D. সমাজের শ্রেণিবিভাজন

45. কোন সমাজবিজ্ঞানী অর্থনৈতিক উৎপাদনকে সমাজ পরিবর্তনের মৌল উপাদান হিসেবে নির্দেশ করেছেন?
A. ইবনে খালদুন B. হার্বার্ট স্পেন্সার
C. কার্ল মার্কস D. ম্যাক্স ওয়েবার

উত্তরমালা									
36	C	37	D	38	C	39	B	40	A
41	C	42	A	43	B	44	C	45	C

চতুর্থ অধ্যায়: সমাজবিজ্ঞানের মৌল প্রত্যয়

পারস্পরিক সম্পর্ক সূত্রে আবদ্ধ বা ভাবের আদান-প্রদানের মাধ্যমে পারস্পরিক মিথস্ক্রিয়ারত এমন এক জনগোষ্ঠীর নাম সমাজ; যারা গড়ে তোলে তাদের নিজস্ব প্রথা ও জীবনযাত্রা প্রণালি।

সমাজের সংজ্ঞা

- **MacIver and Page** এর মতে, "যেসব সামাজিক সম্পর্কের মধ্যে আমরা জীবনযাপন করি তাদের সুসংগঠিত রূপই সমাজ।"
- সমাজবিজ্ঞানী **Gisbert** (জিসবার্ট) এর মতে, "সমাজ হলো সামাজিক সম্পর্কের জাল, যে সম্পর্কের দ্বারা প্রত্যক মানুষ তার সঙ্গীদের সঙ্গে সম্পর্কযুক্ত।"
- এরিস্টটল তাঁর গ্রন্থ **'Politics'**- এ বলেছেন, "মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব এবং যে লোক সমাজের সভ্য নয়, সে হয় দেবতা, না হয় পশু।"

সমাজের বৈশিষ্ট্য

- সমাজ হলো মানবগোষ্ঠীর **একই স্বার্থ ও উদ্দেশ্যের** বন্ধন, যা ব্যক্তির পারস্পরিক বন্ধন দ্বারা গড়ে ওঠে।
- সমাজ একটি **বৃহৎ মানবীয় সামাজিক** সংগঠন।
- পারস্পরিক **স্বীকৃতি এবং** সাদৃশ্য যে কোনো সামাজিক সম্পর্কের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।
- সমাজের মধ্যে **দ্বন্দ্ব সহযোগিতা** দুটিই বর্তমান।
- সমাজ **গতিশীল**। তথা সমাজ **সদা পরিবর্তনশীল**।
- সমাজে ভৌগোলিক **আয়তন** ও **সামাজিক উদ্দেশ্য** বিদ্যমান।
- **একই আদর্শ** ও সম-মনোভাবাপন্ন।
- সমাজের মধ্যে মানুষের সাধারণ জীবনযাত্রা প্রণালি ও সংস্কৃতি রয়েছে।
- দুই বা ততোধিক ব্যক্তির **পরস্পরের সম্পর্কের সচেতনতা**।
- সামাজিক **আদর্শ** ও **সামাজিক মূল্যবোধ** বিদ্যমান।
- সমাজের ভিত্তি হিসেবে ঐক্য, স্থায়িত্ব, বন্ধুত্ব ও সংঘবদ্ধতা।
- সাধারণ **স্বার্থ** ও **উদ্দেশ্য** বিদ্যমান।

বিভিন্ন সমাজের তুলনা

সমাজবিজ্ঞানীগণ সমাজকে দু'ভাগে ভাগ করে ব্যক্তির সাথে দলের সম্পর্ক ও দলের ওপর ব্যক্তির প্রভাবকেই বিশ্লেষণ করতে চেয়েছেন। বিশেষ সামাজিক অবস্থার পরিপ্রেক্ষিতে বিশেষ দৃষ্টিকোণ থেকে বিচার করেই এ প্রকারভেদ করা হয়েছে।

হার্বার্ট স্পেন্সার

১. Militant বা সংগ্রামশীল
২. Industrial বা শিল্প সমাজ

এমিল ডুর্খেইম

১. Mechanical Solidarity বা যান্ত্রিক সংহতি
২. Organic Solidarity বা জৈবিক সংহতি

হাওয়ার্ড বেকার

১. Sacred বা পূত
২. Secular বা লৌকিক

- **স্পেন্সার সমাজকে চার ভাগে বিভক্ত করেছেন।** যথা-
  ১. মৌলিক সমাজ
  ২. মিশ্রিত সমাজ
  ৩. দ্বি-মিশ্রিত সমাজ
  ৪. ত্রি-মিশ্রিত সমাজ
- **কার্ল মার্কস** তাঁর 'Contribution to the Critique of Political Economy' গ্রন্থে পাঁচটি সামাজিক স্তরের কথা উল্লেখ করেছেন এবং দেখিয়েছেন যে, অর্থনৈতিক কাঠামোর ভিত্তিতে সমগ্র সমাজকে ৫টি ভাগে ভাগ করা যায়। যথা-
  ১. আদিম সাম্যবাদী সমাজ
  ২. দাসভিত্তিক সমাজ
  ৩. সামন্ততান্ত্রিক সমাজ
  ৪. পুঁজিবাদী সমাজ
  ৫. সমাজতান্ত্রিক সমাজ
- **ডুর্খেইম বলেছেন,** ব্যক্তিসত্ত্বার সমষ্টি থেকেই সমাজ সৃষ্টি হয়। সমাজকে তিনি বলেছেন, 'Mechanical Solidarity' এবং অপরটি একটি বৈশিষ্ট্যের ওপর নির্ভর করে, যখন সমাজের ধারণা করা যায়; যেমন- শ্রমবিভাগকে তিনি **'Organic Solidarity'** বলেছেন।

সংস্কৃতি ও সভ্যতার ধারণা

সংস্কৃতি হচ্ছে **Way of Life** বা জীবন ধারণের পদ্ধতি। এই অর্থে কোনো সমাজের সংস্কৃতি বলতে ঐ সমাজের জীবনযাত্রার প্রণালিকে বোঝানো হয়ে থাকে। বস্তুত কোনো সামাজিক জীবনযাত্রার বৈশিষ্ট্যের এক অনন্য সমন্বয় হচ্ছে ঐ সমাজের সংস্কৃতি।

সংস্কৃতির ধারণা

সংস্কৃতির ইংরেজি 'Culture' শব্দটির উৎপত্তি হয়েছে ল্যাটিন শব্দ 'Colere' থেকে। এর অর্থ হলো **কর্ষণ বা চাষ**। সংস্কৃতি বলতে বুঝায় কর্ষণের মাধ্যমে কিংবা সংস্কারের মাধ্যমে প্রাপ্ত বিষয়। **ষোড়শ শতকের শেষ দিকে ফ্রান্সিস বেকন** সর্বপ্রথম ইংরেজি সাহিত্যে Culture শব্দটি ব্যবহার করেন।

- **ম্যাকইভার (MacIver)-এর মতে,** "আমরা যা তাই আমাদের সংস্কৃতি"।
- **কার্ল মার্কস (Karl Mars)-এর মতে,** "সংস্কৃতি হলো উপরি কাঠামো।"

Marx-এর মতে

Basic Structure বা মৌল কাঠামো সমাজের **অর্থনৈতিক** প্রক্রিয়া তথা Base বা Foundation- কে চিহ্নিত করে।

অন্যদিকে, Super Structure হচ্ছে Base-এর ওপর ক্রিয়াশীল অর্থনৈতিক উপাদান ব্যতীত ব্যক্তিক ও নৈর্ব্যক্তিক সকল উপাদান, আইনকানুন, দর্শন, রাজনীতি, চিন্তা-চেতনা, আদর্শ ও মূল্যবোধ এবং শিল্পকলা ইত্যাদি।



সভ্যতার ধারণা

সৃষ্টির আদিলগ্ন থেকে অদ্যাবধি মানবগোষ্ঠী তার প্রয়োজনে যা সৃষ্টি করল তাই সংস্কৃতি। আর এই **সংস্কৃতিই হলো সভ্যতার** প্রাণ, যাকে কেন্দ্র করে সভ্যতার আবির্ভাব ঘটল।

উৎপত্তি

সভ্যতার ইংরেজি প্রতিশব্দ হলো Civilization, Civilization শব্দটি **ল্যাটিন** শব্দ 'Civilis' থেকে এসেছে, যার অর্থ হলো **নাগরিক**। সুতরাং Civilization শব্দটির অর্থ হলো **সুসভ্য নাগরিক সমাজ,** যেখানে নগরাষ্ট্রের উদ্ভব ঘটে। **দার্শনিক ভলতেয়ার** সর্বপ্রথম এ শব্দটি ব্যবহার করেন।

সভ্যতা ও সংস্কৃতির ধরন

সংস্কৃতি হলো **সামাজিকতার ফল**। সমাজব্যবস্থায় বিদ্যমান এ সংস্কৃতিকে প্রখ্যাত সমাজবিজ্ঞানী **William F. Ogburn** তাঁর 'Social Change' গ্রন্থে দুটি ভাগে ভাগ করেছেন-



বস্তুগত সংস্কৃতি

মানুষের অর্জিত কিংবা **তৈরিকৃত দ্রব্যের** সমষ্টিই হলো বস্তুগত সংস্কৃতি। অর্থাৎ যে সংস্কৃতিকে দেখা যায়, সম্পর্ক করা যায় এবং যার **অবস্থিতি আছে** তাই বস্তুগত সংস্কৃতি। মানুষ জীবনধারণ করতে গিয়ে **যা কিছু ব্যবহার করে, সংগ্রহ করে এবং সৃষ্টি করে** তাই বস্তুগত সংস্কৃতি।

উদাহরণ:

ঘরবাড়ি, দালানকোঠা, ব্যবহারিক আসবাবপত্র, পোশাক-পরিচ্ছদ, উৎপাদন কৌশল, যন্ত্রপাতি ও হাতিয়ার ইত্যাদি বস্তুগত সংস্কৃতি।

অবস্তুগত সংস্কৃতি

মানুষের **মনস্তাত্ত্বিক তথা ভাবগত** সৃষ্টিই হলো অবস্তুগত সংস্কৃতি। অর্থাৎ **যে সংস্কৃতিকে দেখা যায় না, স্পর্শ করা যায় না কিন্তু অনুভব করা যায়** তাকে অবস্তুগত সংস্কৃতি বলে।

উদাহরণ:

সাহিত্য, ধর্ম, দর্শন, রীতি-নীতি, জ্ঞান, শিল্পকলা, সংগীত, মূল্যবোধ, বিশ্বাস, আইন ইত্যাদি অবস্তুগত সংস্কৃতি।

বস্তুগত সংস্কৃতি ও অবস্তুগত সংস্কৃতির মধ্যে পার্থক্য

১. বস্তুগত সংস্কৃতি দৃশ্যমান এবং স্থানান্তরযোগ্য। অন্যদিকে, অবস্তুগত সংস্কৃতি অদৃশ্যমান এবং অহস্থান্তরযোগ্য।

২. বস্তুগত সংস্কৃতি অবস্তুগত সংস্কৃতির ফসল। অন্যদিকে, অবস্তুগত সংস্কৃতি বস্তুগত সংস্কৃতির উৎস।

৩. বস্তুগত সংস্কৃতি দ্রুত পরিবর্তন হয়। অন্যদিকে, অবস্তুগত সংস্কৃতি ধীরগতিতে পরিবর্তন হয়।

৪. বস্তুগত সংস্কৃতি সহজে চিহ্নিত করা যায়। অন্যদিকে, অবস্তুগত সংস্কৃতি সহজে চিহ্নিত করা যায় না।

**** ১৯৫৩ সালে অগবার্ন ও নিমকফ তাঁদের A Hand Book of Sociology নামক গ্রন্থে সাংস্কৃতিক ব্যবধানের সংজ্ঞা দেন।*

দল বা গোষ্ঠী

গোষ্ঠী

সমাজবিজ্ঞানের একটি অন্যতম মৌলিক প্রত্যয় হলো সামাজিক গোষ্ঠী বা দল। গোষ্ঠী বা দল গড়ে ওঠে কতিপয় **ব্যক্তির মধ্যে পারস্পরিক সম্পর্কের ভিত্তিতে।**

সামাজিক গোষ্ঠী

যে কোনো সংখ্যক ব্যক্তি যাদের একটি **সাধারণ স্বার্থ** রয়েছে এবং স্বার্থের কারণে যারা পরস্পর পরস্পরের অভিজ্ঞতায় কম বা বেশি মাত্রায় শরীক হয় এমন একটি সমষ্টিকে সামাজিক দল বা গোষ্ঠী বলে।

সামাজিক গোষ্ঠীর বৈশিষ্ট্য

ব্যক্তির সমষ্টি	স্থিতিশীলতা
সাধারণ স্বার্থ	আমরা অনুভূতি
সদস্যদের মধ্যকার মিথস্ক্রিয়া	গোষ্ঠী আদর্শ
পারস্পরিক সচেতনতা	গোষ্ঠী ঐক্য এবং সংহতি

সামাজিক গোষ্ঠীর আরো কিছু বৈশিষ্ট্য

- সমজাতীয় আচরণ
- গোষ্ঠীর আকার
- গোষ্ঠী হচ্ছে গতিশীল
- ব্যক্তিত্বের ওপর প্রভাব

সামাজিক গোষ্ঠীর শ্রেণিবিভাগ

❑ **চার্লস হরটন কুলি** 'Social Organization' নামক গ্রন্থে গোষ্ঠীকে দুটি ভাগে ভাগ করেছেন। যথা-

১. **প্রাথমিক দল**

যে গোষ্ঠীর সদস্যদের মধ্যে **প্রত্যক্ষ বা মুখোমুখি** ও গভীর সংযোগ সম্পর্ক বিদ্যমান থাকে তাকে প্রাথমিক দল বা Primary group বলে। যেমন- পরিবার, খেলার সাথী ইত্যাদি।

২. **মাধ্যমিক দল**

যে গোষ্ঠীর সদস্যদের মধ্যে পারস্পরিক **পরোক্ষ সংযোগ** সম্পর্ক হলো **গৌণ বা নৈর্ব্যক্তিক**, তাকে মাধ্যমিক দল বলে। এ গোষ্ঠীর সদস্যদের মধ্যে মানসিক দূরত্ব বেশ প্রবল। যেমন- শিক্ষক সমিতি, রাজনৈতিক দল।

❑ **ডব্লিউ, ডব্লিউ সামনার** 'Folkways' গ্রন্থে গোষ্ঠীকে দু'ভাগে ভাগ করেছেন। যথা-

১. **অন্তর্গোষ্ঠী**

যে গোষ্ঠীর সদস্যদের **গভীর মমত্ববোধ** এবং গোষ্ঠীর সঙ্গে **নিবিড় সম্পর্ক** বা সংযুক্তি বোধ বর্তমান থাকে তাকে In-group বলে। এ গোষ্ঠীর সদস্যদের মধ্যে **We feeling** বা আমরা অনুভূতি বিদ্যমান।

২. **বহির্গোষ্ঠী**

যে সমস্ত গোষ্ঠীর প্রতি আমাদের মনোভাব **ঔদাসীন্যের বা শত্রুতার**, সেই সকল গোষ্ঠীই হলো বহির্গোষ্ঠী। এ গোষ্ঠীর সদস্যদের মধ্যে **The feeling** বা তারা অনুভূতি বিদ্যমান।

❑ **সি.এ. এলউড** 'Psychology of Human Society' গ্রন্থে গোষ্ঠীকে দুটি শ্রেণিতে বিভক্ত করেছেন। যথা-

১. ঐচ্ছিক গোষ্ঠী	যে গোষ্ঠীর সদস্যরা **নিজেদের ইচ্ছায়** গোষ্ঠীর সদস্যপদ গ্রহণ করেন তাকে ঐচ্ছিক গোষ্ঠী বলে। **যেমন-** রাজনৈতিক দল, শ্রমিক সংগঠন, ফুটবল ক্লাব ইত্যাদি।
২. অনৈচ্ছিক গোষ্ঠী	যে গোষ্ঠীর সদস্যরা **ইচ্ছে করে নয়**, বরং জন্মগতভাবে সদস্যপদ লাভ করে সেই গোষ্ঠীকে অনৈচ্ছিক গোষ্ঠীক বলে। **যেমন-** পরিবার, নগর, রাষ্ট্র ইত্যাদি।

❑ **পার্ক এবং বার্জেস** গোষ্ঠীকে দুটি ভাগে ভাগ করেছেন।

১. স্থানভিত্তিক গোষ্ঠী	যেসব গোষ্ঠী কোনো একটি **নির্দিষ্ট এলাকায়** পড়ে ওঠে তাকে স্থানভিত্তিক গোষ্ঠী বলা হয়। **যেমন-** সম্প্রদায়, রাষ্ট্র ইত্যাদি।
২. অস্থানভিত্তিক গোষ্ঠী	কোনো **নির্দিষ্ট স্থানে আবদ্ধ নয়** এমন গোষ্ঠীকে অবস্থানভিত্তিক গোষ্ঠী বলা হয়। **যেমন-** শ্রেণি, জনতা ইত্যাদি।

সংঘ বা সমিতি

❑ **সমাজবিজ্ঞানী মরিস জিন্সবার্গ-** জনসমষ্টি সমবেত হয়ে বিশেষ উদ্দেশ্য সাধনের নিমিত্তে সংঘ গঠন করে। যেমন- ট্রেড ইউনিয়ন, কৃষক সমবায় সমিতি, শিক্ষক সমিতি, ফুটবল ক্লাব ইত্যাদি এক একটি সংঘ। এদের প্রত্যেকটির বিশেষ উদ্দেশ্য বিদ্যমান।

সংঘ বা সমিতির বৈশিষ্ট্যসমূহ

- সংঘ বা সমিতির প্রাথমিক কর্তব্য হলো সমাজস্থ মানুষের বা কোনো সম্প্রদায়ের **সেবা করা।**
- যে কোনো ব্যক্তি যে কোনো সময়ে এর **বিধিবিধান** মেনে চলার **অঙ্গীকার** করে সদস্য হতে পারেন।
- সংঘের সদস্যদের মধ্যে **স্বজাত্যবোধের** বা সাম্প্রদায়িক চেতনার প্রাধান্য নেই।
- সংঘ বিভিন্ন **উদ্দেশ্য** নিয়ে গঠিত।
- সংঘের মাধ্যমে মানুষের **চাহিদা পূরণের** বাস্তব প্রয়াস চালানো হয়।
- সমবেত প্রচেষ্টার মাধ্যমে **ব্যক্তির উদ্দেশ্য** বাস্তবায়নের অন্যতম মাধ্যম হিসেবে সংঘ গঠিত।
- সংঘের **সদস্য হবার ব্যাপারটা ব্যক্তির ইচ্ছাধীন।**
- সংঘ বা সমিতির কার্যাবলির সম্পাদনের জন্য একটি **কার্যকরী পরিষদ এবং নীতিমালা** একান্ত প্রয়োজন।

সংঘের শ্রেণিবিভাগ

১. ঐচ্ছিক সংঘ	যে সংঘের সদস্যরা নিজেদের **ইচ্ছায়** সংঘের সদস্যপদ গ্রহণ করে তাকে ঐচ্ছিক সংঘ। বলে। **যেমন-** রাজনৈতিক সংঘ, শ্রমিক সংঘ, যুব সংঘ, সাংস্কৃতিক সংঘ ইত্যাদি।
২. অনৈচ্ছিক সংঘ	যে সংঘের সদস্যরা ইচ্ছে করে নয় বরং **জন্মগতভাবে** সদস্যপদ লাভ করে সেই সংঘকে অনৈচ্ছিক সংঘ বলে। **যেমন-** পরিবার, সম্প্রদায়, নগর, রাষ্ট্র, জাতি, বর্ণ, প্রথা, নৃগোষ্ঠী ইত্যাদি।

সম্প্রদায়

সম্প্রদায় হচ্ছে "an area of common living." অর্থাৎ **সম্প্রদায়ের সদস্যরা একটি এলাকার বাসিন্দা** এবং তাদের মধ্যে রয়েছে পারস্পরিক সম্পর্ক ও সংহতি, যা তাদেরকে দৃঢ় বন্ধনে আবদ্ধ রাখে।

সম্প্রদায়ের ভিত্তি

সম্প্রদায়ের দুটি মৌল ভিত্তি রয়েছে। যথা-

১. অঞ্চল বা এলাকা এবং
২. সম্প্রদায়গত মানসিকতা

- ম্যাকাইভার সম্প্রদায়ের উদাহরণ হিসেবে গ্রাম, শহর, উপজাতি এবং জাতির কথা উল্লেখ করেছেন।



বস্তুত একই নীতি, আদর্শ ও ধর্মীয় চেতনাবোধ উদ্বুদ্ধ হয়েও সম্প্রদায় সৃষ্টি হতে পারে। যেমন- মুসলিমস সম্প্রদায়, হিন্দু সম্প্রদায়, বৌদ্ধ সম্প্রদায় ইত্যাদি। আবার ঐতিহ্যবাহী সমজাতীয় পেশা ও জীবনযাত্রা নির্ভরেও সম্প্রদায় গড়ে উঠতে পারে। যেমন- তাঁতি সম্প্রদায়, জেলে সম্প্রদায় ইত্যাদি।

প্রতিষ্ঠানের ধারণা

প্রতিষ্ঠান বলতে সাধারণত কতকগুলো প্রতিষ্ঠিত কার্যপ্রণালিকে বোঝায়। এ কার্যপ্রণালি সংঘবদ্ধভাবে নিয়ন্ত্রিত হয়ে থাকে; যেমন- পরিবার, রাষ্ট্র ও বিবাহ। প্রতিষ্ঠান হলো **দলগত কর্মের প্রতিষ্ঠিত রূপ,** যার মাধ্যমে সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানো সম্ভব।

প্রতিষ্ঠানের বৈশিষ্ট্য

- একটি **প্রতিষ্ঠিত ও প্রচলিত ব্যবস্থার** নাম প্রতিষ্ঠান।
- প্রচলিত ধারণা যা **পারস্পরিক সম্পর্কের ভিত্তিতে** বা কার্যপ্রক্রিয়ার মাধ্যমে টিকে থাকে।
- এটি **ব্যক্তি বা গোষ্ঠীর সম্পর্ক নিয়ন্ত্রণ** করে।
- এটি **বহুমুখী** সামাজিক কাজকর্ম সম্পাদন করে।
- এটি **সামাজিকভাবে প্রতিষ্ঠিত** ও পরিচালিত।
- এটি **সমাজকাঠামোর উপাদান এবং সামাজিক নিয়ন্ত্রণের ধারক ও বাহক।**
- কালের চক্রে সামাজিক প্রতিষ্ঠান সবসময়ই প্রতিনিয়ত **পরিবর্তনশীল।**

প্রতিষ্ঠানের শ্রেণিবিভাগ

১. সামাজিক গঠনমূলক প্রতিষ্ঠান

সামাজিক বন্ধনকে সুন্দর ও সুশৃঙ্খলভাবে টিকিয়ে রাখার জন্যই সামাজিক প্রতিষ্ঠান ও অনুষ্ঠান গঠিত হয়েছে।

(ক) সামাজিক প্রতিষ্ঠান হিসেবে পরিবার ও বিবাহ প্রথা: পরিবারকে **সমাজজীবনের মূলকেন্দ্র** বলা হয়। সামাজিক, আচার, রীতিনীতি সম্বন্ধে প্রাথমিক শিক্ষা মানুষ পরিবার থেকেই লাভ করে।

(খ) শিক্ষা প্রতিষ্ঠান: শিক্ষা একটি সামাজিক প্রক্রিয়া।

(গ) সাংস্কৃতিক প্রতিষ্ঠান: সাংস্কৃতিক উত্তরাধিকার এবং জীবনধারণগত বৈশিষ্ট্যের সঙ্গে সমাজস্থ মানুষের একটা যোগসূত্র রয়েছে।

(ঘ) প্রথা বা আচার: ইংরেজি 'Custom' শব্দের অর্থ হলো প্রথা।

(ঙ) লোকাচার: সমাজে এমন কয়েকটি রীতি আছে যেগুলো কেউ **লঙ্ঘন করলে তার ওপর কোনোরূপ বিধিনিষেধ প্রয়োগ করা হয় না।** এ জাতীয় বিধিসমূহকে **উইলিয়াম গ্রাহাম সামনার** লোকাচার বলে অভিহিত করেছেন।

প্রথা, লোকাচার ও লোকরীতির ধারণা এবং এদের মধ্যকার সম্পর্ক

প্রথা

অধ্যাপক ম্যাকাইভার ও পেজ-এর মতে, "প্রথা হলো আচরণবিধি বা জটিল রীতির সমষ্টি।" সুদূর অতীত থেকে এ ধারা চলে আসছে বলে প্রথার মধ্যে **তিনটি উপাদানের** সন্ধান পাওয়া যায়; **একই প্রকার পৌনঃপুনিক আচরণ, সামাজিক প্রকৃতি এবং মূল্যমান।**

- **অধ্যাপক জিসবার্ট প্রথার তিনটি বৈশিষ্ট্যের কথা বলেছেন। যথা-**
  - (ক) আচরণের ধারাবাহিকতা
  - (খ) সামাজিক প্রকৃতি
  - (গ) আদর্শগত মূল্যমান

লোকরীতি

লোকাচার শব্দটির মতো Mores শব্দটিও **অধ্যাপক উইলিয়াম** প্রবর্তন করেছেন। Mores শব্দটি **ল্যাটিন** বিশেষ্য 'Mos' শব্দটির বহুবচন, যার অর্থ **আচরণ বা প্রথা। সামনার** এই ল্যাটিন শব্দটির সঙ্গে **'সঠিক', 'সত্য', 'কল্যাণ'** প্রভৃতি শব্দ যুক্ত করেন। যেসব লোকাচার পালন করার ক্ষেত্রে বাধ্যবাধকতা থাকে, সেইসব লোকাচারকে সামনার Mores বা লোকরীতি আখ্যা দিয়েছেন।

*** 'লোকাচার' (Folkways) প্রকাশিত হয়- ১৯০৬ সালে।*

সমাজকাঠামোর ধারণা

সমাজবিজ্ঞানে ১৯৪৫ সাল থেকে Social Structure প্রত্যয়টি একটি সুনির্দিষ্ট রূপ পরিগ্রহ করে। সমাজ মূলত **দুটি** কাঠামোয় বিভক্ত-



উপরিকাঠামোর রয়েছে দুটি রূপ- **একটি সামাজিক এবং **অন্য সাংস্কৃতিক** উপরিকাঠামোর সামাজিক রূপের মধ্যে রয়েছে আইন-কানুন, দর্শন ও রাজনীতি। আসলে মার্কসীয় মতে সমাজ কাঠামো **অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক** উপাদান এই তিনটির মিশ্ররূপ এবং এসব পরস্পর নির্ভরশীল। সমাজ কাঠামোর **অজৈবিক ধারণাকে** সমাজবিজ্ঞানে মার্কসীয় ধারণা বলে বিবেচনা করা হয়।

- **Social Structure কথাটি ক্রমাগত নিম্নোক্ত ৪টি শব্দ থেকে এসেছে-**



সমাজকাঠামোর মার্কসীয় ও অমার্কসীয় দৃষ্টিভঙ্গি

বৃহত্তর দৃষ্টিকোণ থেকে বিচার করলে সামাজিক কাঠামোর দুটি ধরন লক্ষ করা যায়-



Marxist/ অজৈবিক বা মার্কসীয় ধারণা

- সমাজকাঠামো একটি **ক্রমবিকশিত সত্তা।**
- এটি **ঐতিহাসিক বিবর্তন** প্রক্রিয়ার ফল।
- সমাজকাঠামো **সহজ অবস্থা থেকে জটিল অবস্থায়** এসেছে।
- **বস্তুগত ভিত্তি** দ্বারাই সমাজকাঠামো বিবর্তিত হয়।
- **দ্বান্দ্বিক প্রক্রিয়ায়** সমাজ বিকশিত হয়।

মার্কসীয় ধারণারয় কাঠামো গড়ে ওঠে **উৎপাদনের উপায় এবং উৎপাদন সম্পর্ককে কেন্দ্র করে।** এভাবে **মার্কসীয়দের মতে,** ইতিহাসে নির্দিষ্ট সংখ্যক সামাজিক কাঠামোর অস্তিত্ব দেখা যায়-

- আদিম সাম্যবাদী সমাজকাঠামো।
- দাসভিত্তিক সমাজকাঠামো।
- সামন্ততান্ত্রিক সমাজকাঠামো।
- পুঁজিবাদী সমাজকাঠামো।
- আধুনিক সাম্যবাদী সমাজকাঠামো।

Basic Structure বা মৌল কাঠামো সমাজের অর্থনৈতিক প্রক্রিয়া বা Base বা Foundation বা Society'র Dynamism-কে চিহ্নিত করে। পক্ষান্তরে Super Structure হচ্ছে Base-এর ওপর ক্রিয়াশীল অর্থনৈতিক উপাদান ব্যতীত ব্যক্তিক ও নৈর্ব্যক্তিক সকল উপাদান, আইন-কানুন, দর্শন, রাজনীতি, চিন্তা-চেতনা, শিল্পকলা ইত্যাদি।

Non-Marxist বা অমার্কসীয় বা জৈবিক ধারণা

- সমাজকাঠামোর প্রকৃতি **জৈব প্রকৃতির অনুরূপ।**
- সমাজকাঠামোর অন্তঃস্থ উপাদানসমূহ জীবদেহের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গের মতোই পরস্পর **অবিচ্ছেদ্য বন্ধনে** আবদ্ধ।
- জীবদেহের মতোই বিভিন্ন অংশ **পৃথক ও বিচ্ছিন্ন করা যায়।**
- সমাজকাঠামো **বিমূর্ত।**
- এটি হচ্ছে **সামাজিক সম্পর্কের পাঠ।**
- ঐতিহাসিক **বিবর্তিত সত্য নয়।**

সমাজকাঠামোর বৈশিষ্ট্য

সমাজ কাঠামোর জৈবিক ধারণার প্রবক্তা হলেন সামাজিক নৃবিজ্ঞানী **রেডক্লিফ ব্রাউন**। ব্রাউনের বক্তব্যে মানব সমাজ একটি **'Organism'**।

সামাজিক স্তরবিন্যাসের ধারণা ও বৈশিষ্ট্য

ভূতত্ত্বে ব্যবহৃত **Strata** প্রত্যয়টি যা মাটি ও শিলার বিভিন্ন স্তর বুঝতে ব্যবহৃত হতো তাই ক্রমে সমাজের উঁচু- নিচু বিভিন্ন শ্রেণি বা মর্যাদার মানুষকে বুঝাতে সমাজবিজ্ঞানী কর্তৃক গৃহীত হয়েছে।

সামাজিক স্তরবিন্যাসের বৈশিষ্ট্য

- সামাজিক স্তরবিন্যাস হলো **মানবিক সম্পর্কের স্তরবিন্যাস**।
- সামাজিক স্তরবিন্যাস **সর্বজনীন**।
- সামাজিক স্তরবিন্যাস **সামাজিক মিথস্ক্রিয়াকে নিয়ন্ত্রণ করে**।
- সামাজিক স্তরবিন্যাস **মর্যাদার ভিত্তিতে** বিভক্তিকরণ।
- **সর্বব্যাপিতা** সামাজিক স্তরবিন্যাসের অন্যতম বৈশিষ্ট্য।
- সামাজিক স্তরবিন্যাস একটি **সুপ্রাচীন ব্যবস্থা**।

সামাজিক গতিশীলতার ধরন

সামাজিক গতিশীলতা সাধারণত দুই প্রকার। যথা-

১. অনুভূমিক গতিশীলতা	একই সামাজিক স্তরের মধ্যে সমমর্যাদাসম্পন্ন একটি পদ পরিবর্তন করে আর একটি পদে যাওয়াকে অনুভূমিক গতিশীলতা বলে। **এতে পেশাগত বা কর্মক্ষেত্রে পরিবর্তন ঘটলেও মর্যাদার ক্ষেত্রে কোনো পরিবর্তন ঘটে না।**
২. উল্লম্বী গতিশীলতা	কোনো ব্যক্তির একটি সামাজিক স্তর থেকে অন্য সামাজিক স্তরে পরিবর্তন হওয়াকে উল্লম্বী গতিশীলতা বলে। **এটি হচ্ছে শ্রেণিবিন্যাসের উঁচু অথবা নিচু অবস্থানে গমন কর।**



সামাজিক গতিশীলতার কারণসমূহ

ক্র.নং	কারণসমূহ
১.	অর্থনৈতিক ব্যবস্থা
২.	মানবসমাজের সামাজিক মূল্যবোধের পরিবর্তন।
৩.	শিল্পায়নের ফলে পেশায় বৈচিত্র্য সৃষ্টি হয়।
৪.	বহির্মুখী ব্যক্তিত্ব।
৫.	মুক্ত ও প্রতিযোগিতাময় সমাজে।
৬.	বিজ্ঞান ও প্রযুক্তিমূলক শিক্ষা
৭.	সমাজে ব্যক্তির সম্মান বা মর্যাদার পরিবর্তন করে অন্য স্তরে মর্যাদার আসন লাভ করে।

সামাজিক নিয়ন্ত্রণের ধারণা

আমেরিকান সমাজবিজ্ঞানী **E. A. Ross ১৯০১ সালে তাঁর "Social Control" নামক গ্রন্থে** সর্বপ্রথম সামাজিক নিয়ন্ত্রণ প্রত্যয়টির অবতারণা দেন।

সামাজিক নিয়ন্ত্রণের ২ ধরনের বাহন

(ক) প্রাতিষ্ঠানিক বা বিধিবদ্ধ: বিধিবদ্ধ বা প্রাতিষ্ঠানিক সামাজিক নিয়ন্ত্রণের বাহনগুলো নিম্নে আলোচনা করা হলো-

- রাষ্ট্র এবং আইন
- বলপ্রয়োগ বা চাপ সৃষ্টি
- সরকার
- ধর্ম
- শিক্ষা
- পরিবার

❑ **সরকার:** এটি একটি সর্বজনীন বাহন।

(খ) অপ্রাতিষ্ঠানিক বা অবিধিবদ্ধ সামাজিক নিয়ন্ত্রণ

- মতাদর্শ
- নেতৃত্ব
- প্রথা
- ব্যক্তিত্ব
- বিবাহ
- পৌরাণিক কাহিনী
- সামাজিক শ্রেণি
- চিত্তবিনোদন
- শিল্পকলা ও সাহিত্য
- ধর্মীয় নিষেধ
- জনমত
- শাস্তি ও পুরস্কার

❑ **প্রথা:** প্রথা হলো একটি অলিখিত আইন।

❑ **বিবাহ** মানুষের যৌনতায়, সন্তান লাভ ও ভাবাবেগগত আচরণ বিবাহের মাধ্যমে নিয়ন্ত্রিত।

❑ **সামাজিক শ্রেণি** প্রত্যেক সমাজেই একটি Superior বা Dominant Class অন্যান্য Inferior Class-এর ওপর প্রভাব বিস্তার করে থাকে।

❑ **পৌরাণিক কাহিনী:** সাধারণত পৌরাণিক কাহিনী হচ্ছে কল্পনাশ্রয়ী গল্প।

❑ **ধর্মীয় নিষেধ:** ট্যাবু বলতে বোঝায় কোনো কিছু করার ওপর নিষেধ আরোপ।

অনুশীলনী

01. যখন একাধিক ব্যক্তি একই উদ্দেশ্য সাধনের জন্য সংঘবদ্ধ হয়ে বসবাস করে তখন তাকে কী বলে?
A. সংঘ B. সমাজ
C. সম্প্রদায় D. গোষ্ঠী বা দল

02. একই আয় ও সুযোগ-সুবিধা ভোগকারী গোষ্ঠীকে বলে-
A. জাতি B. পরিবার
C. শ্রেণি D. সম্প্রদায়

03. কার্ল মার্কসের মতে সমাজের মৌল কাঠামো কোনটি?
A. আইন B. অর্থনীতি
C. সংস্কৃতি D. রাজনীতি

04. সমাজবিজ্ঞানের কেন্দ্রীয় মৌল প্রত্যয় কোনটি?
A. সমাজকাঠামো B. সমাজ
C. সংঘ D. সম্প্রদায়

05. 'মৌল কাঠামো' ও 'উপরি কাঠামো' ধারণা দুটি কার?
A. ডুর্খেইম B. অগাস্ট কোঁৎ
C. কার্ল মার্কস D. ম্যাকাইভার

06. হেনরি মর্গানের মতে সমাজ বিবর্তনের স্তর কয়টি?
A. ৩ B. ৪ C. ৫ D. ৬

07. 'আমরা যা তাই হলো সংস্কৃতি'- উক্তিটি কার?
A. ম্যাকাইভার B. ডুখেইম
C. গিডিংস D. হবহাউস

08. সমাজ যে ধরনের সংগঠন-
A. সেবামূলক B. আর্থিক
C. মানবীয় D. রাজনৈতিক

09. সম্প্রদায়ের বৈশিষ্ট্য কয়টি?
A. দুইটি B. তিনটি C. চারটি D. পাঁচটি

10. 'Taboo' শব্দের অর্থ কী?
A. লোকরীতি B. লোকাচার
C. নিষেধাজ্ঞা D. প্রথা

11. অবস্তুগত সংস্কৃতির উদাহরণ কোনটি?
A. নকশীকাঁথা B. একতারা
C. শেষের কবিতা বই D. রবীন্দ্র সংগীত

12. সমাজের মৌল কাঠামোর অংশ কোনটি?
A. অর্থনীতি B. সংস্কৃতি C. ভাবাদর্শ D. আইন

13. সম্প্রদায়ের মৌল ভিত্তি হয়-
A. এলাকা B. সম্প্রদায়গত মানসিকতা
C. সংহতিবোধ D. উপরোক্ত সবগুলো

উত্তরমালা									
01	B	02	D	03	B	04	A	05	C
06	A	07	A	08	C	09	A	10	C
11	D	12	A	13	D				

14. একটি বিমূর্ত প্রত্যয় হলো-
A. গোষ্ঠী B. সামাজিকীকরণ
C. সমাজ কাঠামো D. পরিবার

15. দ্বন্দ্বমূলক গোষ্ঠীর উদাহরণ কোনটি?
A. জাতিবর্ণ B. পরিবার
C. শ্রমিক সংঘ D. সম্প্রদায়

16. অস্থায়ী গোষ্ঠীর উদাহরণ কোনটি?
A. শ্রমিক সংঘ B. পরিবার
C. বিদ্যালয় D. জনতা

17. সমাজজীবনের প্রথম ধাপ হিসেবে কোনটি বিবেচ্য?
A. রাষ্ট্র B. পরিবার C. বিদ্যালয় D. সমাজ

18. একই আয় ও সুযোগ-সুবিধা ভোগকারী গোষ্ঠীকে বলে-
A. জাতি B. পরিবার
C. শ্রেণি D. সম্প্রদায়

19. Mores শব্দের অর্থ কী?
A. প্রথা
B. আদর্শ যার শক্তিশালী নৈতিক তাৎপর্য রয়েছে
C. লোকরীতি D. আদর্শ

20. ব্যক্তির সাথে ব্যক্তির সব ধরনের সামাজিক সম্পর্ককে কী বলা হয়?
A. সমাজকাঠামো B. সম্প্রদায়
C. গোষ্ঠী D. দল

21. ঐচ্ছিক দল নির্দেশ করে কোনটি?
A. পরিবার B. রাজনৈতিক সংগঠন
C. সম্প্রদায় D. রাষ্ট্র

22. একই এলাকা ও সম মানসিকতাসম্পন্ন মানুষ নিয়ে গঠিত হয় কোনটি?
A. সমাজ B. সম্প্রদায় C. সংঘ D. গোষ্ঠী

23. অবস্তুগত সংস্কৃতির উদাহরণ কোনটি?
A. নকশিকাঁথা B. একতারা
C. শেষের কবিতা বই D. রবীন্দ্রসংগীত

24. সামাজিক নিয়ন্ত্রণে কোনটির ভূমিকা বেশি কার্যকর?
A. সংবাদপত্র B. রেডিও
C. জনমত D. টেলিভিশন

25. 'Taboo' শব্দের অর্থ কী?
A. লোকরীতি B. লোকাচার
C. নিষেধাজ্ঞা D. প্রথা

26. কোন অঞ্চল মানব সভ্যতা বিকাশে বেশি উপযোগী?
A. পাহাড়ি অঞ্চল B. উষ্ণ অঞ্চল
C. নাতিশীতোষ্ণ অঞ্চল D. শীতল অঞ্চল

উত্তরমালা									
14	C	15	C	16	D	17	B	18	D
19	C	20	A	21	B	22	B	23	D
24	C	25	C	26	C				

27. কোনটি অবস্থাগত সংস্কৃতি?
A. সুতি শাড়ি B. হারমোনিয়াম
C. শেষের কবিতা বই D. নজরুল সংগীত

28. সেবা ও রক্ষা নামক সামাজিক চুক্তি ছিল-
A. আদিম যুগে B. পশুপালন যুগে
C. দাস যুগে D. সামন্ত যুগে

29. 'Society' গ্রন্থটির রচয়িতা কে?
A. জিসবার্ট B. কার্ল মার্কস
C. ম্যাকাইভার D. ম্যাকাইভার ও পেজ

30. 'Culture' শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?
A. অগবার্ন ও নিমকফ B. ম্যাকাইভার
C. ফ্রান্সিস বেকন D. কার্ল মার্কস

31. কত সালে 'Social Structure' শব্দটি সমাজবিজ্ঞানে পরিগ্রহ হয়?
A. ১৯৪০ সালে B. ১৯৪২ সালে
C. ১৯৪৫ সালে D. ১৯৪৬ সালে

32. সমাজবিজ্ঞানীরা সামাজিক গতিশীলতাকে কয় ভাগে ভাগ করেছেন?
A. দুই ভাগে B. তিন ভাগে
C. চার ভাগে D. পাঁচ ভাগে

33. 'সমাজ অর্থ সহযোগিতা'-উক্তিটি কার?
A. কার্ল মার্কস B. ম্যাকাইভার
C. জিন্সবার্গ D. পোপেনো

34. কোন গোষ্ঠীতে আমাদের অনুভূতি বিদ্যমান থাকে?
A. প্রাথমিক গোষ্ঠী B. মাধ্যমিক গোষ্ঠী
C. বহির্গোষ্ঠী D. দ্বন্দ্বমূলক গোষ্ঠী

35. সত্য-মিথ্যা, ঠিক-বেঠিক, ভালো-মন্দা, কাঙ্ক্ষিত-অনাকাঙ্ক্ষিত ইত্যাদি বিষয় সম্পর্কে সমাজের সদস্যদের ধারণার নাম কী?
A. মূল্যবোধ B. আদর্শ
C. প্রথা D. লোকাচার

36. সমাজের স্বাভাবিক গতিধারায় যেসব আচার-আচরণ, প্রথা, রীতিনীতি ও জীবনধারা গড়ে ওঠে তাকে কী বলে?
A. লোকরীতি B. প্রথা
C. সমাজ D. লোকাচার

37. নিচের কোনটি সমাজের ভিত্তি হিসেবে স্বীকৃত?
A. গতিময়তা B. লেনদেনের ধারাবাহিকতা
C. আর্থিক স্বচ্ছলতা D. সংঘবদ্ধতা

38. সমাজবিজ্ঞানীদের মতে, সমাজ উৎপত্তির কারণ কোনটি?
A. ভোজনপ্রিয়তা B. বিলাস-ব্যসন মনোভাব
C. স্মরণীয় হওয়া D. সামাজিক মানুষ

39. সভ্যতাকে বিবর্তন নামক সিঁড়ির শীর্ষ ধাপ বলে আখ্যা দিয়েছেন কে?
A. মন্টেস্কু B. মরগান
C. ম্যালিনোস্কি D. ম্যাকাইভার

40. সংস্কৃতিকে সভ্যতার প্রাণ বলা হয় কেন?
A. আর্থিক সমস্যা দূর হওয়ার কারণে
B. মানুষ আত্মনির্ভর হয়েছে বলে
C. সমাজ থেকে নিরক্ষরতা দূর হয়েছে বলে
